# লেকচার ২

# সন্ধি

☆ **প্রাথমিক আলোচনা :** সন্নিহিত দুটো ধ্বনির মিলনের নাম সন্ধি।
সন্ধি তিন প্রকার: ১. স্বরসন্ধি, ২. ব্যঞ্জনসন্ধি, ৩. বিসর্গসন্ধি।

**সন্ধির উদ্দেশ্য :**
(ক) সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা এবং
(খ) ধ্বনিগত মাধুর্য সম্পাদন।


☆ **যে সকল ক্ষেত্রে সন্ধি করা উচিত নয় :**

১. সাধু ভাষায় বাংলা শব্দের সাথে বাংলা শব্দের সন্ধি করা উচিত নয়।
২. বাংলা শব্দের সাথে সংস্কৃত শব্দের সন্ধি করা উচিত নয়।
৩. বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের সন্ধি করা উচিত নয়।
৪. সন্ধি করলে যদি শব্দ শ্রুতিকটু হয় তবে সন্ধি পরিহার করা উচিত।
৫. ক্রিয়া পদের সাথে অন্য কোনো পদের সন্ধি করা উচিত নয়।
৬. ছন্দের অনুরোধে কবিতায় কখনো কখনো সন্ধি অনুচিত হয়।

☆ **যে সকল ক্ষেত্রে সন্ধি অবশ্য কর্তব্য :**

১. সমাসবদ্ধ পদে সন্ধি অবশ্য কর্তব্য।
২. সংস্কৃত প্রকৃতি-প্রত্যয় স্থলে সন্ধি অবশ্য কর্তব্য।
৩. ধাতুর সাথে উপসর্গ যোগ হলে সন্ধি অবশ্য কর্তব্য।
যেমন-আশা+অতীত=আশাতীত। হিম+আলয়=হিমালয়।

প্রথমটিতে আ+অ=আ (া) এবং দ্বিতীয়টিতে অ+আ=আ ( া ) হয়েছে।




## স্বরসন্ধি

স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনের নাম স্বরসন্ধি।
স্বরধ্বনি + স্বরধ্বনি = স্বরধ্বনি

**১. অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

**যেমন:**
অ+অ = আ, নর + অধম = নরাধম।
এরূপ- হিমাচল, প্রাণাধিক, হস্তান্তর, হিতাহিত ইত্যাদি।
অ + আ = আ, হিম + আলয় = হিমালয়।
এরূপ- দেবালয়, রত্নাকর, সিংহাসন ইত্যাদি।
আ + অ = আ, যথা + অর্থ = যথার্থ।
এরূপ- আশাতীত, কথামৃত, মহার্ঘ ইত্যাদি।
আ + আ = আ, বিদ্যা + আলয় = বিদ্যালয়।
এরূপ- কারাগার, মহাশয়, সদানন্দ ইত্যাদি।

**২. অ- কার কিংবা আ- কারের পর ই- কার কিংবা ঈ- কার থাকলে উভয় মিলে এ-কার হয়: এ- কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

**যেমন-**
অ + ই = এ　　শুভ + ইচ্ছা = শুভেচ্ছা
আ + ই = এ　　যথা + ইষ্ট = যথেষ্ট
অ + ঈ = এ　　পরম + ঈশ = পরমেশ
আ + ঈ = এ　　মহা + ঈশ = মহেশ।
এ রূপ - পূর্ণেন্দু, শ্রবণেন্দ্রিয়, স্বেচ্ছা, নরেশ, রমেশ, নরেন্দ্র ইত্যাদি।

**৩. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়; ও- কার পূর্ববর্তী ব্যঞ্জনে যুক্ত হয়।**

**যেমন-**
অ + উ = ও　　সূর্য + উদয় = সূর্যোদয়।
আ + উ = ও　　যথা + উচিত = যথোচিত।
অ + ঊ = ও　　গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব।
আ + ঊ = ও　　গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি।
এ রূপ - নীলোৎপল, চলোর্মি, মহোৎসব, নবোঢ়া, ফলোদয়, যথোপযুক্ত, হিতোপদেশ, পরোপকার, প্রশ্নোত্তর ইত্যাদি।

**৪. অ- কার কিংবা আ-কারের পর ঋ- কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং তা রেফ (র্) রূপে পরবর্তী বর্ণের সাথে লেখা হয়।**

**যেমন-**
অ + ঋ = অর্　　দেব + ঋষি = দেবর্ষি।
আ + ঋ = অর্　　মহা + ঋষি = মহর্ষি।
এ রূপ - অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি ইত্যাদি।

**৫. অ- কার কিংবা আ- কারের পর 'ঋত' - শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়।**

**যেমন-**
অ + ঋ = আর্　　শীত + ঋত = শীতার্ত।
আ + ঋ = আর্　　তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত।
এ রূপ - ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি।

**৬. অ-কার কিংবা আ-কারের পর এ- কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

**যেমন-**
অ + এ = ঐ　　জন + এক = জনৈক।
আ + এ = ঐ　　সদা + এব = সদৈব।
অ + ঐ = ঐ　　মত + ঐক্য = মতৈক্য।
আ + ঐ = ঐ　　মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য।
এ রূপ - হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি।

**৭. অ-কার কিংবা আ-কারের পর ও -কার কিংবা ঔ- কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়; ঔ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

**যেমন-**
অ + ও = ঔ　　বন + ওষধি = বনৌষধি।
আ + ও = ঔ　　মহা + ওষধি = মহৌষধি।
অ + ঔ = ঔ　　পরম + ঔষধ = পরমৌষধ।
আ + ও = ঔ　　মহা + ঔষধ = মহৌষধ।

**৮. ই- কার কিংবা ঈ-কারের পর ই- কার কিংবা ঈ- কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ- কার হয়। দীর্ঘ ঈ- কার পূর্ববতী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

**যেমন-**
ই + ই = ঈ　　অতি + ইত = অতীত।
ই + ঈ = ঈ　　পরি + ঈক্ষা = পরীক্ষা।
ঈ + ই = ঈ　　সতী + ইন্দ্র = সতীন্দ্র।
ঈ + ঈ = ঈ　　সতী + ঈশ = সতীশ।

**৯. ই- কার কিংবা ঈ- কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে শুধুমাত্র ই বা ঈ এর পরিবর্তে 'য (্য)' ফলা হয়। য- ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্নস্বরগুলো অপরিবর্তিত থাকে।**

**যেমন-**
ই + অ = য্ +অ　　অতি + অন্ত = অত্যন্ত।

ই + আ = য্ + আ — ইতি + আদি = ইত্যাদি।
ই + উ = য্ + উ — অতি + উক্তি = অত্যুক্তি।
ই + ঊ = য্ + ঊ — প্রতি + ঊষ = প্রত্যূষ।
ঈ + আ = য্ + আ — মসী + আধার = মস্যাধার।
ই + এ = য্ + এ — প্রতি + এক = প্রত্যেক।
ঈ + অ = য্ + অ — নদী + অম্বু = নদ্যম্বু।

এ রূপ- প্রত্যহ, অত্যধিক, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, আদ্যন্ত, যদ্যপি, পর্যন্ত, অভ্যুত্থান, অগ্ন্যুৎপাত, অত্যাশ্চর্য, প্রত্যুপকার ইত্যাদি।

**১০. উ- কার কিংবা ঊ- কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ- কার হয়; ঊ-কার পূর্ববর্তী ব্যঞ্জন ধ্বনির সাথে যুক্ত হয়।**

**যেমন-**
উ + উ = ঊ — মরু + উদ্যান = মরূদ্যান।
উ + ঊ = ঊ — বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব।
ঊ + উ = ঊ — বধূ + উৎসব = বধূৎসব।
ঊ + ঊ = ঊ — ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।

**১১. উ- কার কিংবা ঊ- কারের পর উ/ঊ-কার ভিন্ন অন্য স্বর থাকলে শুধুমাত্র উ বা ঊ এর পরিবর্তে 'ব্' (ফলা) হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্নস্বরগুলো অপরিবর্তিত থাকে।**

**যেমন-**
উ + অ = ব্ + অ — সু + অল্প = স্বল্প।
উ + আ = ব্ + আ — সু + আগত = স্বাগত।
উ + ই = ব্ + ই — অনু + ইত = অন্বিত।
উ + ঈ = ব্ + ঈ — তনু + ঈ = তন্বী।
উ + এ = ব্ + এ — অনু + এষণ = অন্বেষণ।

এ রূপ - পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি।

**১২. ঋ- কারের পর ঋ ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থানে 'র্' হয় এবং র-ফলা পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

**যেমন-** পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ।

**১৩. এ, ঐ, ও, ঔ- কারের পর ভিন্নস্বর থাকলে এ, ঐ স্থানে যথাক্রমে অয়্, আয়্ এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়।**

**যেমন-**
এ+অ = অয়্+অ — নে + অন = নয়ন — শে + অন = শয়ন
ঐ+অ = আয়্+অ — নৈ + অক = নায়ক — গৈ + অক = গায়ক
ও+অ = অব্+অ — পো + অন = পবন — লো + অন = লবণ
ঔ+অ = আব্+অ — পৌ + অক = পাবক
ও+আ = অব্+আ — গো + আদি = গবাদি
ও+এ = অব্+এ — গো + এষণা = গবেষণা
ও+ই = অব্+ই — পো + ইত্র = পবিত্র
ঔ+ই = আব্+ই — নৌ + ইক = নাবিক
ঔ+উ = আব্+উ — ভৌ + উক = ভাবুক

**১৪. কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে।**

**যেমন-**
কুল + অটা = কুলটা (কুলাটা নয়)
গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়)
প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়)
অন্য + অন্য = অন্যান্য
মার্ত + অণ্ড = মার্তণ্ড (মার্তান্ড নয়)
শুদ্ধ + ওদন = শুদ্ধোদন (শুদ্ধৌদন নয়)
স্ব + ঈর = স্বৈর (স্ব্যর নয়)
গো + ইন্দ্র = গবেন্দ্র (গবিন্দ্র নয়)
গো + ঈশ্বর = গবেশ্বর (গবীশ্বর নয়)
অক্ষ + ঊহিণী = অক্ষৌহিণী (অক্ষোহিণী নয়)
রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ (রক্তৌষ্ঠ নয়)
সীমন + অত = সীমন্ত (সীমনান্ত নয়)
শার + অঙ্গ - শারঙ্গ (শারাঙ্গ নয়)

## আলোচ্য টপিক থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর

**১. সন্ধির নিয়মানুসারে ঈ + অ = ?**
ক. য্ + অ — খ. য্ + আ — গ. আ + য্ — ঘ. অ + য্ — উ. ক

**২. সন্ধির ক্ষেত্রে কোনটি ঠিক নয়?**
ক. অ + উ = ও — খ. আ + ও = ঔ — গ. আ + ও = উ — ঘ. অ + ঐ = ঐ — উ. গ

**৩. 'অত্যধিক'-এর সন্ধি বিচ্ছেদ করুন :**
ক. অতি + ধিক — খ. অত্যা + অধিক — গ. অতি + অধিক — ঘ. অ + ত্যধিক — উ. গ

**৪. কোন বানানটি শুদ্ধ?**
ক. অত্যধিক — খ. অত্যাধিক — গ. অত্তাধিক — ঘ. অত্যুাধিক — উ. ক

**৫. 'অত্যন্ত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. অতি + অন্ত — খ. অতী + অন্ত — গ. অতৎ + অন্ত — ঘ. অত + অন্ত — উ. ক

**৬. 'অধম + ঋণ = অধমর্ণ' কোন সন্ধির দৃষ্টান্ত?**
ক. স্বরসন্ধি — খ. নিপাতনে সিদ্ধ সরসন্ধি — গ. বিসর্গসন্ধি — ঘ. ব্যঞ্জনসন্ধি — উ. ক

**৭. 'অধ্যুষিত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি শুদ্ধ?**
ক. অদ্যু + উষিত — খ. আধ + ষিথ — গ. অধি + উষিত — ঘ. আধু + উষিত — উ. গ

**৮. 'অন্বেষণ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. অন্বে + ষণ — খ. অনেঃ + এষণ — গ. অনু + এষন — ঘ. অনু + এষণ — উ. ঘ

**৯. কোনটি শুদ্ধ বানান?**
ক. অন্বেষণ — খ. অন্বেষন — গ. অন্বেশন — ঘ. অন্বেশণ — উ. ক

**১০. 'অন্বিত' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি হবে?**
ক. অনু + ইত — খ. অনু + নিত — গ. অনু + ঈত — ঘ. অনু + বিত — উ. ক

**১১. 'অভীষ্ট' এর সন্ধি বিচ্ছেদ কী?**
ক. অভি + ইষ্ট — খ. অভি + রিষ্ট — গ. অভী + ইষ্ট — ঘ. অভি + রিষ্ঠ — উ. ক

**১২. সন্ধি বিচ্ছেদ করুন : অর্ধেক =**
ক. আধা + এক — খ. অর্ধ + এক — গ. অর্ধে + এক — ঘ. অর্ধ + ক — উ. খ

**১৩. 'আদ্যোপান্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ–**
ক. আদি + প্রান্ত — খ. আদ্য + প্রান্ত — গ. আদ্যো + প্রান্ত — ঘ. আদ্য + উপান্ত — উ. ঘ

**১৪. 'আশাতীত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. আশা + অতিত — খ. আশা + অতীত — গ. আশা + অতিত — ঘ. আশা + অতীত — উ. খ

১৫. ‘ইত্যাকার’ শব্দটির সন্ধি বিচ্ছেদ–
ক. ইতি + আকার খ. ইত্যা + কার গ. ইতি + কার ঘ. ইত + আকার উ. ক

১৬. সন্ধি বিচ্ছেদ করুন : ইত্যাদি
ক. ইতি + দি খ. ইতি + আদি গ. ইত + তাদি ঘ. ইতি + অদি উ. খ

১৭. ‘উপর্যুক্ত’-এর সন্ধি বিচ্ছেদ কোনটি শুদ্ধ?
ক. উপরি + উক্ত খ. উপর + উক্ত গ. উপ + যুক্ত ঘ. উপর + যুক্ত উ. ক

১৮. ‘উত্তমর্ণ’-কে সন্ধি বিচ্ছেদ করলে হয়–
ক. উত্তর + মণ খ. উত্তম + ঋণ গ. উত্তর + মর্ণ ঘ. উত্তরম + ণ উ. খ

১৯. সন্ধি বিচ্ছেদ করুণ : উপর্যুপরি–
ক. উপরি + উপরি খ. উপর্য + পরি গ. উপ + র্যুপরি ঘ. উপ + উপরি উ. ক

২০. ‘কটাক্ষ’ শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. কটু + অক্ষ খ. কটা + অক্ষ গ. কট + ক্ষ ঘ. কট + অক্ষ উ. ক

২১. ‘কথামৃত’ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. কথা + অমৃত খ. কথাঃ + অমৃত গ. কথা + মৃত ঘ. কথঃ + মৃত উ. ক

২২. ‘কথোপকথন’ শব্দটি কী রীতিতে গঠিত?
ক. উপসর্গযোগে খ. সন্ধিযোগে গ. প্রত্যয়যোগে ঘ. সমাসযোগে উ. খ

২৩. কোনটি ‘ক্ষুধার্ত’ শব্দের সন্ধি বিচ্ছেদ?
ক. ক্ষুৎ + আর্ত খ. ক্ষুধা + আর্ত গ. ক্ষুধা + ঋত ঘ. ক্ষুধ + আর্ত উ. গ

২৪. ‘গতানুগতিক’ এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. গত + আনুগতিক খ. গতা + অনুগতিক গ. গত + অনুগতিক ঘ. গতানু + গতিক উ. গ

২৫. ‘গবেষণা’ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. গব + এষণা খ. গবে + এষণা গ. গৌ + এষণা ঘ. গো + এষণা উ. ঘ

২৬. ‘গবাদি’ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. গবা + আদি খ. গো + আবাদি গ. গো + আদি ঘ. গবা + দি উ. গ

২৭. ‘গায়ক’ শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. গা + অক খ. গায় + অক গ. গৈ + অক ঘ. গৌ + অক উ. গ

২৮. ‘গুরুক্তি’ এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. গুরু + যুক্তি খ. গুরূ + যুক্তি গ. গুরু + উক্তি ঘ. গুরু + ঊক্তি উ. গ

২৯. ‘গ্রন্থাগার’ শব্দটি–
ক. নিপাতনে সিদ্ধ সন্ধি খ. স্বরসন্ধি গ. ব্যঞ্জন সন্ধি ঘ. বিসর্গ সন্ধি উ. খ

৩০. কোনটি শুদ্ধ?
ক. মরু + উদ্যান = মরুদ্যান খ. পরি + ইক্ষা = পরীক্ষা গ. গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি ঘ. প্রতি + উষ = প্রত্যুষ উ. গ

৩১. ‘ছেলেমি’ শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন :
ক. ছে + লেমি খ. ছেলে + মি গ. ছেলে + আমি ঘ. ছে + এলেমি উ. গ

৩২. ‘জনৈক’ শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. জন + ঐক খ. জন + এক গ. জনে + এক ঘ. জন + অক উ. খ

৩৩. ‘জলৌকা’ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. জল + একা খ. জন + ঐকা গ. জল + ওকা ঘ. জল + ঔকা উ. গ

৩৪. জাতি + অভিমান–
ক. জাত্যাভিমান খ. জাত্যভিমান গ. জাতিভিমান ঘ. জাতাভিমান উ. খ

৩৫. ‘জমানো’ শব্দটির সন্ধি বিচ্ছেদ হচ্ছে–
ক. জমান + ও খ. জাম + ন গ. জমা + নো ঘ. জমা + আনো উ. ঘ

৩৬. ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী– কোন নিয়মে এ সন্ধি হয়েছে?
ক. আ + ঈ = এ খ. অ + ঈ = এ গ. আ + ই = এ ঘ. অ + ই = এ উ. ক

৩৭. ‘তন্বী’ শব্দের কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?
ক. তন্ব + ঈ খ. তন্ব + ই গ. তনু + ই ঘ. তনু + ঈ উ. ঘ

৩৮. ‘দেবালয়’ এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দেব + আলয় খ. দেবা + আলয় গ. দেবা + লয় ঘ. দেব + লয় উ. ক

৩৯. ‘দৃষ্টান্ত’ শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দৃষ্টি + অন্ত খ. দৃষ্টি + আন্ত গ. দৃষ্ট + আন্ত ঘ. দৃষ্ট + অন্ত উ. ক

৪০. ‘দৈনিক’ শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দৈ + অক খ. দৈ + নিক গ. দৈঃ + এক ঘ. দিন + এক উ. ঘ

৪১. ‘ধর্মাধর্ম’ শব্দটির সন্ধি বিচ্ছেদ হল–
ক. ধর্ম + অধর্ম খ. ধর্মা + ধর্ম গ. ধর্ম + আ + ধর্ম ঘ. ধর্ম + অদধর্ম উ. ক

৪২. ‘নাবিক’ শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. ন + ইক খ. নবৌ + ইক গ. নৌ + ইক ঘ. নবো + ইক উ. গ

৪৩. ‘নায়ক’ এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. না + য়ক খ. নৈ + অক গ. নৌ + অক ঘ. নৈ + আক উ. খ

৪৪. সন্ধি বিচ্ছেদ করুন : 'নরাধম'–
ক. নর + আধম | খ. নর + অধম | গ. নর + ধম | ঘ. নরব + ম | উ. খ

৪৫. সন্ধিযোগে গঠিত শব্দ–
ক. নীলোৎপল | খ. বিপদাপন্ন | গ. ফুলেল | ঘ. পরাজয় | উ. ক

৪৬. 'গোত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. প + বিত্র | খ. প + অবিত্র | গ. গো + ইত্র | ঘ. পো + অবিত্র | উ. গ

৪৭. 'পাগলামি' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়–
ক. পাগল + লামি | খ. পাগল + মি | গ. পাগল + আমি | ঘ. পাগল + মি | উ. গ

৪৮. 'পাবক' কোন সন্ধির উদাহরণ?
ক. স্বরসন্ধি | খ. ব্যঞ্জন সন্ধি | গ. বিসর্গ সন্ধি | ঘ. নিপাতনে সিদ্ধ | উ. ক

৪৯. 'পরীক্ষা' সন্ধি বিচ্ছেদ কী হবে?
ক. পরী + ঈক্ষা | খ. পরি + ইক্ষা | গ. পরী + ইক্ষা | ঘ. পরি + ঈক্ষা | উ. ঘ

৫০. 'পুরাধ্যক্ষ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. পুর + আধ্যক্ষ | খ. পুর + অধ্যক্ষ | গ. পুরা + অধ্যক্ষ | ঘ. পুরা + আধ্যক্ষ | উ. খ

৫১. 'প্রত্যুক্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. প্র + উক্তি | খ. প্রতি + উক্তি | গ. প্রো + যুক্তি | ঘ. প্রতঃ + উক্তি | উ. খ

৫২. 'প্রত্যেক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. প্র + এক | খ. প্রতি + এক | গ. প্রত + এক | ঘ. প্রতি + ক | উ. খ

৫৩. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. প্রতি + বর্তন | খ. প্রতি + আবর্তন | গ. প্রত্যা + বর্তন | ঘ. প্রতিঃ + আবর্তন | উ. খ

৫৪. 'পর্যালোচনা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ–
ক. পর্য + আলোচনা | খ. পরি + আলোচনা | গ. পর্যা + লোচনা | ঘ. পর্যা + আলোচনা | উ. খ

৫৫. 'পর্যায়' শব্দটির সন্ধি বিচ্ছেদ–
ক. পর + যায় | খ. পর + আয় | গ. পরি + আয় | ঘ. পরি + যায় | উ. গ

৫৬. 'পর্যবেক্ষণ' সন্ধি বিচ্ছেদ–
ক. পর + বেক্ষণ | খ. পরি + বেক্ষণ | গ. পর + অবেক্ষণ | ঘ. পরি + অবেক্ষণ | উ. ঘ

৫৭. 'পশু + অধম' এর সন্ধিসাধিত রূপ কোনটি?
ক. পশ্বধম | খ. পশ্যাধম | গ. পশ্বাধম | ঘ. পশ্যধম | উ. গ

৫৮. 'পিত্রালয়' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে–
ক. পিতা + আলয় | খ. পিতৃ + আলয় | গ. পিত্রা + লয় | ঘ. পিত্রি + আলয় | উ. খ

৫৯. 'পিত্রাদেশ' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো–
ক. পিতঃ + আদেশ | খ. পিতা + আদেশ | গ. পিত্র + আদেশ | ঘ. পিতৃ + আদেশ | উ. ঘ

৬০. 'পর্যন্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. পর্য + অন্ত | খ. পরি + অন্ত | গ. পর্য + অন্ত | ঘ. প + যন্ত | উ. খ

৬১. 'বিদ্যালয়' এর সন্ধি বিচ্ছেদ–
ক. বিদ্যা + আলয় | খ. বিদ্য + আলয় | গ. বিদ্যা + লয় | ঘ. বিদ + আলয় | উ. ক

৬২. 'বারীশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বারী + ঈশ | খ. বারি + ঈশ | গ. বারী + ইশ | ঘ. বারি + ইশ | উ. খ

৬৩. 'বনৌষধি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ–
ক. বন + ওষধি | খ. বন্ + ওষধি | গ. বন + ঔষধি | ঘ. বনঃ + ওষধি | উ. ক

৬৪. 'ভূর্ধ্ব' এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. ভু + উর্ধ্ব | খ. ভূ + উর্ধ্ব | গ. ভূ + র্ধ | ঘ. ভূদ + উর্ব | উ. খ

৬৫. 'ভাবুক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ভৌ + উক | খ. ভো + উক | গ. ভাব + উক | ঘ. ভৌ + অক | উ. ক

৬৬. 'মহৌষধি' শব্দের সঠিক সন্ধি কোনটি?
ক. মহা + ঔষধি | খ. মহা + ঔষধি | গ. মহাঃ | ঘ. মহা + ওষধি | উ. ঘ

৬৭. 'মরূদ্যান' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. মরু + দ্যান | খ. মরু + উদ্যান | গ. মরু + উদ্যান | ঘ. মরূ + দ্যান | উ. খ

৬৮. 'মাত্রাধিক্য' শব্দটির সন্ধি বিচ্ছেদ কী রকম?
ক. মাতৃ + আধিক্য | খ. মাত্র + অধিক্য | গ. মাত্র + আধিক্য | ঘ. মাত্রা + আধিক্য | উ. ঘ

৬৯. 'মহৈশ্বর্য' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মহা + ঐশ্বর্য | খ. মহ + ঐশ্চর্য | গ. মহৈ + ঐশ্বর্য | ঘ. মহো + ঐশ্বর্য | উ. ক

৭০. 'মতৈক্য' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মতঃ + এক | খ. মতঃ + ঐক্য | গ. মত + এক | ঘ. মত + ঐক্য | উ. ঘ

## ব্যঞ্জনসন্ধি

স্বরে + ব্যঞ্জনে, ব্যঞ্জনে + স্বরে ও ব্যঞ্জনে + ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলে। এ দিক থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়।

যথা- ১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি = ব্যঞ্জনধ্বনি
২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি = ব্যঞ্জনধ্বনি
৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জন ধ্বনি = ব্যঞ্জনধ্বনি

### ০১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি

**ক্, চ্, ট্, ত্, প্ - এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্, জ্, ড্, (ড়্), দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়।**

যেমন-

ক্ + অ = গ — দিক্ + অন্ত = দিগন্ত।
চ্ + অ = জ — ণিচ্ + অন্ত = ণিজন্ত।
ট্ + আ = ড় — ষট্ + আনন = ষড়ানন।
ত্ + অ = দ — তৎ + অবধি = তদ্‌বধি।
প্ + অ = ব — সুপ্ + অন্ত = সুবন্ত।

এরূপ- বাগীশ, তদন্ত, বাগাড়ম্বর, কৃদন্ত, সদুপায়, সদুপদেশ, জগদিন্দ্র ইত্যাদি।

### ০২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি

**স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়।**

যথা- অ + ছ = চ্ছ — এক + ছত্র = একচ্ছত্র।
আ + ছ = চ্ছ — কথা + ছলে = কথাচ্ছলে।
ই + ছ = চ্ছ — পরি + ছদ = পরিচ্ছদ।

এরূপ- মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, অঙ্গচ্ছেদ, আলোকচ্ছটা, প্রতিচ্ছবি, প্রচ্ছদ, আচ্ছাদন, বৃক্ষচ্ছায়া, স্বচ্ছন্দে, অনুচ্ছেদ প্রভৃতি।

### ০৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি

**(র) ত্ ও দ্-এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন-**

ত্ + চ = চ্চ — সৎ + চিন্তা = সচ্চিন্তা।
ত্ + ছ = চ্ছ — উৎ + ছেদ = উচ্ছেদ।
দ্ + চ = চ্চ — বিপদ্ + চয় = বিপচ্চয়।
দ + ছ = চ্ছ — বিপদ্ + ছায়া = বিপচ্ছায়া।

এরূপ- উচ্চারণ, শরচ্চন্দ্র, সচ্চরিত্র, তচ্ছবি, সচ্চিদানন্দ প্রভৃতি।

**(রর) ত্ ও দ্ - এ পর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্ - এর স্থানে জ্ হয়।**

যেমন-

ত + জ = জ্জ — সৎ + জন = সজ্জন।
দ্ + জ = জ্জ — বিপদ + জাল = বিপজ্জাল।
ত্ + ঝ = জ্ঝ — কুৎ+ঝটিকা = কুজ্ঝটিকা।

এরূপ- উজ্জ্বল, তজ্জন্য, যাবজ্জীবন, জগজ্জীবন ইত্যাদি।

**(ররর) ত্ ও দ্ - এর পর শ থাকলে ত্ ও দ্ - এর স্থলে চ্ এবং শ্ - এর স্থলে ছ উচ্চারিত হয়।** যেমন-

ত + শ = চ্ + ছ = চ্ছ — উৎ + শ্বাস = উচ্ছ্বাস

এরূপ- চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি।

**(রা) ত্ ও দ্- এর পর ড থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন-**

ত্ + ড = ড্ড — উৎ + ডীন = উড্ডীন।

**(া) ত্ ও দ্ - এর পর হ থাকলে ত্ ও দ্ - এর স্থলে দ এবং হ-এর স্থলে ধ্ হয়।**

যেমন-

ত্ + হ = দ্ + ধ = দ্ধ — উৎ + হার = উদ্ধার
দ্ + হ = দ্ +ধ = দ্ধ — পদ্ + হতি = পদ্ধতি

এরূপ- উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত ইত্যাদি।

**(ার) ত্ ও দ্ - এর পর ল থাকলে ত্ ও দ্- এর স্থলে 'ল' হয়।**

যেমন-

ত্ + ল = ল্ল — উৎ + লাস = উল্লাস

এরূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ্য, উল্লঙ্ঘন ইত্যাদি।

**০১. বর্গীয় প্রথম ধ্বনির পর যে কোনো বর্গের তৃতীয় বা চতুর্থ ধ্বনি কিংবা 'য' ও 'র' থাকলে বর্গের প্রথম ধ্বনিগুলো নিজস্ব বর্গের তৃতীয় রূপে উচ্চারিত হয়।**

যথা:

ক্ + দ = গ্ + দ — বাক্ + দান = বাগ্‌দান
ট্ + য = ড্ + য — ষট্ + যন্ত্র = ষড়্‌যন্ত্র।
ত্ + ঘ = দ্ + ঘ — উৎ + ঘাটন = উদ্‌ঘাটন।
ত্ + য = দ্ +য — উৎ + যোগ = উদ্যোগ।
ত্ + র = দ্ + র — তৎ + রূপ = তদ্রূপ।

এরূপ- দিগ্বিজয়, উদ্যম, উদ্‌গিরণ, উদ্ভব, বাগ্‌জাল, সদ্‌গুরু, বাগ্‌দেবী ইত্যাদি।

**০২. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ ধ্বনি সেই বর্গীয় ঘোষ ধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়।**

যথা-

ক্ + ন = গঙ + ন — দিক্ + নির্ণয় = দিগ্‌নির্ণয় বা দিঙ্‌নির্ণয়।
ত্ + ম = দ/ন+ম — তৎ + মধ্যে = তদ্‌মধ্যে বা তন্মধ্যে।

*লক্ষণীয়: এরূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত। যেমন- বাক্ + ময় = বাঙ্ময়, তৎ + ময় = তন্ময়, মৃৎ + ময় = মৃন্ময়, জগৎ + নাথ = জগন্নাথ ইত্যাদি। এ রূপ- উন্নয়ন, উন্নীত, চিন্ময় ইত্যাদি।*

**০৩. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়।**

যেমন-

ম্ + ক = ঙ্ + ক — শম্ + কা = শঙ্কা।
ম্ + চ = ঞ্ + চ — সম্ + চয় = সঞ্চয়।
ম্ + ত = ন্ + ত — সম্+তাপ = সন্তাপ।

এরূপ - কিম্ভূত, সন্দর্শন, কিন্নর,সম্মান, সন্ধান, সন্ন্যাস ইত্যাদি।

**০৪. ম্ - এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়।**

যেমন-

সম্ + যম = সংযম, — সম্ +বাদ = সংবাদ,
সম্ + রক্ষণ = সংরক্ষণ, — সম্ + লাপ = সংলাপ,
সম্ + শয় = সংশয়, — সম্ + সার = সংসার,
সম্ + হার = সংহার।

এরূপ- বারংবার, কিংবা, সংবরণ, সংযোগ, সংযোজন, সংশোধন, সর্বংসহা, স্বয়ংবরা। ব্যতিক্রম : সম্রাট (সম্ + রাট)।

**০৫. চ্ ও জ্ - এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়।**

যেমন-

চ্ + ন = চ + ঞ, — যাচ্ + না = যাচ্ঞা,
রাজ্ + নী = রাজ্ঞী, — জ্ + ন = জ + ঞ,
যজ্ + ন = যজ্ঞ।

**০৬. দ্ ও ধ্ - এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ থাকলে দ্ ও ধ্ স্থলে 'ত' ধ্বনি হয়।**

যেমন-

দ্ > ত — তদ্ + কাল = তৎকাল
ধ্ > ত — ক্ষুধ্ +পিপাসা = ক্ষুৎপিপাসা।

এরূপ- হৃৎকম্প, তৎপর, তত্ত্ব ইত্যাদি।

**০৭. দ্ কিংবা ধ্-এর পরে স থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়।**

যেমন-

বিপদ্ + সংকুল = বিপৎসংকুল। এরূপ- তৎসম।

**০৮. ষ-এর পরে ত বা থ থাকলে, যথাক্রমে ত্ ও থ্ স্থানে ট ও ঠ হয়।**

যেমন-

কৃষ্ + তি = কৃষ্টি, — ষষ্ + থ্ = ষষ্ঠ।

**০৯. বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি।**

যেমন-

উৎ + স্থান = উত্থান সম্ + কার = সংস্কার।
উৎ + স্থিত = উত্থিত উৎ + স্থাপন = উত্থাপন।
সম্ + কৃত = সংস্কৃত পরি + কার = পরিষ্কার।
সম্ + কৃতি = সংস্কৃতি পরি + কৃত = পরিষ্কৃত।

**১০. কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়।**

যেমন-

আ + চর্য = আশ্চর্য গো + পদ = গোষ্পদ
বন + পতি = বনস্পতি বৃহৎ + পতি = বৃহস্পতি
তৎ + কর = তস্কর পর + পর = পরস্পর।
মনস্ + ঈষা = মনীষা ষট্ + দশ = ষোড়শ।
এক + দশ = একাদশ মৃত্যু + জয় = মৃত্যুঞ্জয়
পতৎ + অঞ্জলি = পতঞ্জলি দিব্ + লোক = দ্যুলোক
হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র প্রায় + চিত্ত = প্রায়শ্চিত্ত
বিশ্ব+ মিত্র = বিশ্বামিত্র ইত্যাদি।

## আলোচ্য টপিক থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর

১. **'অনুচ্ছেদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. অনু + ছেদ খ. অনু + চ্ছেদ গ. অণু + ছেদ ঘ. অণু + চ্ছেদ উ. ক

২. **'অলংকার' শব্দের সঠিক সন্ধিজাত বিশ্লেষণ কোনটি?**
ক. অলম্ + কার খ. অলং + কার গ. অ + লঙ্কার ঘ. অলঙ্ক + কার উ. ক

৩. **'অহংকার' শব্দের সন্ধি বিচ্ছেদ–**
ক. আহঃ + কার খ. অহং + কার গ. অহম্ + কার ঘ. আহ + কার উ. গ

৪. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?**
ক. উৎ + শাস = উচ্ছ্বাস খ. উৎ + ডীন = উড্ডীন গ. বৃহৎ + ঢক্কা = হড্ঢক্কা ঘ. বৃলভ্ + ধ = লব্ধ উ. খ

৫. **'উড্ডীয়মান'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. উৎ + ডীয়মান খ. উড + ডীয়মান গ. উড্ডী + আমান ঘ. উড্ডীয় + মান উ. ক

৬. **'উচ্ছেদ'–শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. উছ + ছেদ খ. উৎ + ছেদ গ. উদ + ছেদ ঘ. উত + ছেদ উ. খ

৭. **নিচের কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ?**
ক. ভবন খ. উচ্ছেদ গ. অতএব ঘ. দুস্তর উ. খ

৮. **'উল্লাস' এর সন্ধি বিচ্ছেদ–**
ক. উৎ + লাস খ. উদ + লাস গ. উল + লাস ঘ. উঃ + লাস উ. ক

৯. **'উজ্জ্বল' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. উজ + জ্বল খ. উদ + জ্বল গ. উদ্ব + জল ঘ. উৎ + জ্বল উ. ঘ

১০. **'উচ্ছিষ্ট' শব্দের সন্ধি সাধিত রূপ কোনটি?**
ক. উদ্ + শিষ্ট খ. উদগ + ছিষ্ট গ. উদ্ + ষ্ট ঘ. উদ্ + ইষ্ট উ. ক

১১. **'উচ্ছ্বাস' শব্দটিতে কোন দুটি ব্যঞ্জনধ্বনির সন্ধি হয়েছে?**
ক. ত, ব খ. চ, ছ গ. চ, শ ঘ. ত, শ উ. ঘ

১২. **'উচ্ছ্বাস' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে–**
ক. উত + চ্ছাস খ. উৎ + ছাস গ. উৎ + শ্বাস ঘ. উচ + চ্ছ্বাস উ. গ

১৩. **'উৎপল' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. উৎ + পল খ. উৎ + ছল গ. উৎ + চল ঘ. উচ + ছল উ. ক

১৪. **'উত্থাপন' শব্দটির সন্ধি বিচ্ছেদ–**
ক. উৎ + থাপন খ. উৎ + স্থাপন গ. উঃ + স্থাপন ঘ. উঃ + থাপন উ. খ

১৫. **'উদ্ধৃত' এর সন্ধি বিচ্ছেদ–**
ক. উৎ + হৃত খ. উৎ + হত গ. উদ + হৃত ঘ. উৎ + ঋত উ. ক

১৬. **'উদ্ধার' শব্দটির সন্ধি বিচ্ছেদ হবে–**
ক. উঃ + ধার খ. উৎ + দার গ. উৎ + ধার ঘ. উৎ + হার উ. ঘ

১৭. **'উদ্যোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. উদ + যোগ খ. উৎ + যোগ গ. উদ্যোগ + গ ঘ. উত + যোগ উ. খ

১৮. **'উন্নয়ন' এর সন্ধি বিচ্ছেদ–**
ক. উৎ + নয়ন খ. উন্ন + য়ন গ. উৎ + য়ন ঘ. উৎ + অন উ. ক

১৯. **উৎ + লিখিত-এর সন্ধিটি হবে?**
ক. উল্লেখিত খ. উল্লিখিত গ. উৎলিখিত ঘ. উল্লেখ্য উ. খ

২০. **'উল্লেখ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. উৎ + লেখ খ. উদ্ + লেখ গ. উল + লেখ ঘ. উল্ল + লেখ উ. ক

২১. **কোনটি 'এদ্দুর' এর সন্ধি বিচ্ছেদ?**
ক. এ + দ্দুর খ. এত + দূর গ. এৎ + দূর ঘ. এ + দূর উ. খ

২২. 'কদ্দিন' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো–
ক. কদঃ + দিন খ. কদ্ + দিন গ. কত্ + দিন ঘ. কতো + দিন উ. গ

২৩. সন্ধি বিচ্ছেদ করুন- 'কথাচ্ছলে'
ক. কথা + ছলে খ. কথা + চ্ছল গ. কথা + চ্ছলে ঘ. কোনোটিই নয় উ. ক

২৪. 'কিংবদন্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ হল–
ক. কিম্ + দন্তী খ. কিম্ + বদন্তি গ. কিং + দন্তী ঘ. কিং + বদন্তী উ. খ

২৫. 'কিন্নর' এর সন্ধি বিচ্ছেদ হলো–
ক. কিম + নর খ. কিম + ণর গ. কিম্ + নর ঘ. কিম্ + ণর উ. গ

২৬. কুজ্ঝটিকা-এর সন্ধি বিচ্ছেদ–
ক. কুত + ঝটিকা খ. কুদ + ঝটিকা গ. কুৎ + ঝটিকা ঘ. কুজ + ঝটিকা উ. গ

২৭. 'কৃষ্টি' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. কৃস + তি খ. কৃষ + টি গ. কৃষ্ + তি ঘ. কৃষঃ + তি উ. গ

২৮. 'ক্ষুন্নিবৃত্তি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ক্ষুধা + নিবৃত্তি খ. ক্ষুণ + নিবৃত্তি গ. ক্ষুন্নি + বৃত্তি ঘ. ক্ষুধ্ + নিবৃত্তি উ. ঘ

২৯. 'চলচ্চিত্র' এর সন্ধি বিচ্ছেদ–
ক. চল + চিত্র খ. চলত + চিত্র গ. চলৎ + চিত্র ঘ. চল + চীত্র উ. গ

৩০. 'চার্বাক'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. চার + বাক খ. চর + বাক গ. চর্ব + বাক ঘ. চারু + বাক্ উ. ঘ

৩১. সন্ধি বিচ্ছেদ কোনটি ঠিক? জগদীশ–
ক. জগ + দীশ খ. জগ + ঈশ গ. জগৎ + দীশ ঘ. জগৎ + ঈশ উ. ঘ

৩২. 'জাগমোহন' এর সন্ধি বিচ্ছেদ–
ক. জাদ + মোহন খ. জগৎ + মোহন গ. জাগ মোহন ঘ. জগম + অহন উ. খ

৩৩. 'জগন্নাথ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. জগৎ + নাথ খ. জগম + নাথ গ. জগন + নাথ ঘ. জগদ + নাথ উ. ক

৩৪. 'তন্ময়'-এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. তৎ + ময় খ. তন + ময় গ. তম + ময় ঘ. তন + ম্য়ু উ. ক

৩৫. সন্ধি বিচ্ছেদ করুন : 'তদবধি'।
ক. তদ + বধি খ. তদ + অবধি গ. তদো + বধি ঘ. তৎ + অবধি উ. ঘ

৩৬. সন্ধি বিচ্ছেদ কোনটি ঠিক? তদ্ধিত =
ক. ত + হিত খ. তৎ + ধিত গ. তৎ + হৃত ঘ. তদ্ + হিত উ. ঘ

৩৭. 'তুষ্ট' শব্দটির সন্ধি বিচ্ছেদ–
ক. তুষ + ট খ. তুষ্ + ত গ. তুষ্ + থ ঘ. কোনোটিই নয় উ. খ

৩৮. কোনটি সংস্কৃত ব্যঞ্জন সন্ধির উদাহরণ?
ক. শুভ + ইচ্ছা খ. দিক্ + অন্ত গ. বদ্ + জাত ঘ. শাক্ + ভাত উ. খ

৩৯. 'দিগন্ত'-এর সন্ধি বিশ্লেষণ–
ক. দিক্ + অন্ত খ. দিগ্ + অন্ত গ. দি + অন্ত ঘ. দিখ্ + অন্ত উ. ক

৪০. 'দুচ্চার' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দুচ + ছার খ. দুৎ + চার গ. দুই + চার ঘ. দুঃ + চার উ. খ

৪১. 'পরিচ্ছেদ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. পরিঃ + চ্ছেদ খ. পরি + চ্ছেদ গ. পরি + ছদ ঘ. পরি + শেদ উ. গ

৪২. 'পরিচ্ছেদ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. পরিঃ + ছেদ খ. পরিঃ + চ্ছেদ গ. পরি + ছেদ ঘ. পরি + শেদ উ. গ

৪৩. 'পদ্ধতি' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়–
ক. পদ + ধতি খ. পৎ + ধতি গ. পথ + ধতি ঘ. পদ্ + হতি উ. ঘ

৪৪. 'প্রিয়ংবদা' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. প্রিয়ম্ + বদা খ. প্রিয়ং + বদা গ. পিয়ম + বদা ঘ. প্রিয়ৎ + বদা উ. ক

৪৫. 'বিদ্বজ্জন' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বিদ্য + জ্জন খ. বিদ্বৎ + জন গ. বিদ্ব + জন ঘ. বিদ্বৎ + জ্জন উ. খ

৪৬. 'বজ্জাত' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন :
ক. ত + ঝ = জ্জ খ. বদ্ + জাত গ. বজ + জাত ঘ. ব + জাত উ. খ

৪৭. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. বাগ + আম্বর খ. বাগ + আড়ম্বর গ. বাক + অম্বর ঘ. বাক্ + আড়ম্বর উ. ঘ

৪৮. 'বিচ্ছেদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বিঃ + ছেদ খ. বি + ছেদ গ. বিৎ + ছেদ ঘ. বিচ্ + ছেদ উ. খ

৪৯. 'বিচ্ছিন্ন' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বিচ + ছিন্ন খ. বি + ছিন্ন গ. বিৎ + চ্ছিন্ন ঘ. বিৎ + ছিন্ন উ. খ

৫০. 'বিমুগ্ধ' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে?
ক. উপসর্গযোগে খ. সন্ধিযোগে গ. প্রত্যয়যোগে ঘ. সমাসযোগে উ. খ

৫১. 'বিমুগ্ধ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বিমুহ্ + ত্ = বিমুগ্ধ খ. বিমুগ্ + ধ = বিমুগ্ধ গ. বিমুখ + ধ = বিমুগ্ধ ঘ. বিমুঃ + ধ = বিমুগ্ধ উ. ক

৫২. 'বৃষ্টি' এর সন্ধি বিচ্ছেদ কী হবে?
ক. বৃষ + টি খ. বৃশ + টি গ. বৃ + টি ঘ. বৃষ্ + তি উ. ঘ

৫৩. কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?
ক. উৎ + শাস = উচ্ছ্বাস খ. উৎ + ডীণ = উড্ডীণ গ. বৃহৎ + ঢক্কা= বৃহড্ঢক্কা ঘ. লভ্ + ধ = লব্ধ উ. গ

৫৪. কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ?
ক. মহা + অর্ঘ খ. ততঃ + অধিক গ. কোথা + থেকে ঘ. বিপদ্ + জনক উ. ঘ

৫৫. 'মুখচ্ছবি' সন্ধির কোন নিয়মে পড়ে?
ক. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি খ. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি গ. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি ঘ. ব্যঞ্জনধ্বনি + বিসর্গধ্বনি উ. গ

৫৬. কোনটি শুদ্ধ বানান?
ক. ভবিষ্যৎবাণী খ. ভবিষ্যদ্বাণী গ. ভবিষ্যৎবানী ঘ. ভবিস্যতবাণী উ. খ

৫৭. 'মৃদঙ্গ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মৃৎ + অঙ্গ খ. মৃদং + গ গ. মৃদ + অশ ঘ. মৃদঙ + অঙ্গ উ. ক

৫৮. 'মৃন্ময়' শব্দের সন্ধি বিচ্ছেদ কর–
ক. মৃণ + ময খ. মৃৎ + ময় গ. মৃত + ময় ঘ. মৃ + ময় উ. খ

৫৯. 'যজ্ঞ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ?
ক. যজ + ঞ খ. যজ্ + ন গ. যজ্ + জ ঘ. যজ + গ উ. খ

৬০. 'রাজ্ঞী' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. রাজ্ + নী খ. রাগ্ + নী গ. রাজ্ + জ্ঞী ঘ. রাগ্ + জ্ঞী উ. ক

৬১. 'শান্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. শান + ত খ. শাঃ + ত গ. শাম + তহ ঘ. শাম্ + ত উ. ঘ

৬২. সন্ধিঘটিত শুদ্ধ শব্দ–
ক. অষ্ট + বিংশ = অষ্টবিংশ খ. আতি + অধিক = অত্যাধিক গ. শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র ঘ. পর + পর = পরপর উ. গ

৬৩. 'ষষ্ঠ' শব্দের সন্ধি বিচ্ছেদ হল–
ক. ষষ্ + ট খ. ষষ্ + ঠ গ. ষষ্ + ত ঘ. ষষ্ + থ উ. ঘ

৬৪. 'ষড়ানন' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ষড়া + আনন খ. ভষড় + আনন গ. ষট্ + আনন ঘ. ষড়া + নন উ. গ

৬৫. 'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. ষড় + ঋতু খ. ষড়ু + ঋতু গ. ষট + ঋতু ঘ. ষট্ + ঋতু উ. ঘ

৬৬. 'সংগীত' এর শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সং + গীত খ. সং + গিত গ. সম্ + গিত ঘ. সম্ + গীত উ. ঘ

৬৭. 'সংসার' এর সন্ধি বিচ্ছেদ–
ক. সং + সার খ. সাং + সার গ. সম + সার ঘ. সম্ + সার উ. ঘ

৬৮. সন্ধি নির্ণয় কর : সংসার = সম্ + সার
ক. স্বরসন্ধি খ. খাঁটি বাংলা সন্ধি গ. বিসর্গসন্ধি ঘ. ব্যঞ্জনসন্ধি উ. ঘ

৬৯. 'সংযম'-এর সন্ধি বিচ্ছেদ হচ্ছে–
ক. সং + যম খ. সম + যম গ. সম্ + যম ঘ. সঙ + যম উ. গ

৭০. 'সন্তাপ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সন + তাপ খ. সম্ + তাপ গ. সণ + তাপ ঘ. সমঃ + তাপ উ. খ

৭১. 'সংস্কৃত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সং + স্কৃত খ. সং + কৃত গ. সম + স্কৃত ঘ. সম্ + কৃত উ. ঘ

৭২. 'সংশপ্তক' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. সম্ + শপ্তক খ. সং + শপ্তক গ. সম + শপ্ত + ক ঘ. সং + শপ্ত + এক উ. ক

## বিসর্গসন্ধি

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র্ ও স্ অনেক ক্ষেত্রে অঘোষ উষ্ম ধ্বনি অর্থাৎ হ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়। র্ ও স্ বিসর্গ ব্যঞ্জন ধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গ সন্ধি ব্যঞ্জন সন্ধির অন্তর্গত। বস্তুত বিসর্গ র্ এবং স্-এর সংক্ষিপ্ত রূপ।

**বিসর্গকে দু ভাগে ভাগ করা হয়েছে-**

১. র্ - জাত বিসর্গ ও ২. স্ - জাত বিসর্গ।

১. **র্ - জাত বিসর্গ:** র স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র - জাত বিসর্গ।
যেমন-
অন্তর-অন্তঃ, প্রাতর-প্রাতঃ, পুনর-পুনঃ, অহর-অহঃ,
দুর-দুঃ, নির-নিঃ ইত্যাদি।

২. **স্-জাত বিসর্গ :** স্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে স্ - জাত বিসর্গ।
যেমন- নমস্-নমঃ, পুরস্-পুরঃ, শিরস্-শিরঃ, তিরস্-তিরঃ, মনস্-মনঃ, তপস্-তপঃ ইত্যাদি।

বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্-এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।

বিসর্গ সন্ধি দু' ভাবে সাধিত হয়:

১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।

১. **বিসর্গ ও স্বরের সন্ধি**

অ-ধ্বনির পরস্থিত বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ+ঃ + অ-এ তিনে মিলে 'ও'- কার হয়। যেমন- ততঃ+অধিক = ততোধিক।

২. **বিসর্গ ও ব্যঞ্জনের সন্ধি**

**ক. অ-কারের পরস্থিত স্-জাত বিসর্গের পর ঘোষ ধ্বনি কিংবা হ, য, ব, র, ল থাকলে অ-কার ও স্ - জাত বিসর্গ উভয় স্থলে ও কার হয়।**

**যেমন-** তিরঃ + ধান = তিরোধান, মনঃ + রম = মনোরম,
মনঃ + হর = মনোহর, তপঃ + বন = তপোবন ইত্যাদি।

**খ. অ-কারের পরস্থিত র্ জাত বিসর্গের পর স্বরধ্বনি ও উপরিউক্ত ধ্বনিসমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

**যেমন-** অন্তঃ + গত = অন্তর্গত অন্তঃ + ধান = অন্তর্ধান
পুনঃ + আয় = পুনরায় পুনঃ + উক্ত = পুনরুক্ত
অহঃ + অহ = অহরহ
এরূপ- পুনর্জন্ম, পুনর্বার, অন্তর্ভুক্ত, পুনরপি, অন্তর্বর্তী ইত্যাদি।

**গ. অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, ঘোষ ধ্বনি কিংবা হ, য, ব, র, ল-এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

**যেমন:** নি ঃ + আকার = নিরাকার,
আশীঃ + বাদ = আশীর্বাদ,
দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।
এরূপ- নিরাকরণ, জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লভ, দুরন্ত ইত্যাদি।

**ব্যতিক্রম:** ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন- নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি।

**ঘ. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মহাপ্রাণ তালব্য ব্যঞ্জন 'চ', 'ছ' থাকলে বিসর্গের স্থলে তালব্য শিশ ধ্বনি 'শ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ব্যঞ্জন 'ট', 'ঠ' থাকলে বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি 'ষ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ দন্ত্য ব্যঞ্জনের 'ত', 'থ' স্থলে দন্ত্য শিশ ধ্বনি 'স' হয়।**

**যেমন-** ঃ + চ / ছ = শ্ + চ / ছ নিঃ + চয় = নিশ্চয়,
শিরঃ + ছেদ = শিরশ্ছেদ।
ঃ + ট / ঠ = ষ্ + ট / ঠ ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার, নিঃ + ঠুর = নিষ্ঠুর।
ঃ + ত / থ = স্ + ত/ থ দুঃ + তর = দুস্তর, দুঃ + থ = দুস্থ।

**ঙ. অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়।**

**যেমন-**
অ এর পরে বিসর্গ ঃ + ক = স্ + ক নমঃ + কার = নমস্কার
অ এর পরে বিসর্গ ঃ + খ = স্ + খ পদঃ+স্খলন = পদস্খলন।
ই এর পরে বিসর্গ ঃ + ক = ষ + ক নি ঃ + কর = নিস্কর।
উ এর পরে বিসর্গ ঃ + ক = ষ + ক দুঃ + কর = দুষ্কর।
এরূপ- পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল, নিষ্পাপ, দুষ্প্রাপ্য, বহিস্কৃত, দুস্কৃতি, আবিষ্কার, চতুষ্কোণ, বাচস্পতি, ভাস্কর ইত্যাদি।

**চ. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না।**

যেমন- প্রাতঃ + কাল = প্রাতঃকাল,
মনঃ + কষ্ট = মনঃ কষ্ট,
শিরঃ + পীড়া = শিরঃপীড়া।

**ছ. যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়।**

**যেমন-** নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ।
দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ।
নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ।

**কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ**

বাচঃ + পতি = বাচস্পতি
ভাঃ + কর = ভাস্কর
অহঃ + নিশা = অহর্নিশ
অহঃ + অহ = অহরহ ইত্যাদি।

## আলোচ্য টপিক থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর

১. **'অকুতোভয়' এর সন্ধি বিচ্ছেদ কী?**
ক. অকুত + ভয় খ. অকুতো + ভয় গ. অকুতঃ + ভয় ঘ. অকুত + অভয় উ. গ

২. **কোনটি 'অন্তরঙ্গ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ–**
ক. অন্তঃ + অঙ্গ খ. অন্তর + অঙ্গ গ. অন্তরম + গ ঘ. অন্তরণ + গ উ. ক

৩. **'অন্তরীপ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. অন্তর + ইপ খ. অন্তর + ঈশ গ. অন্ত + রীপ ঘ. অন্তঃ + ঈপ উ. ঘ

৪. **'আবির্ভাব' শব্দটি গঠিত হয়েছে–**
ক. প্রত্যয় দ্বারা খ. উপসর্গ দ্বারা গ. সন্ধি দ্বারা ঘ. বিভক্তি দ্বারা উ. গ

৫. **কোনটি শুদ্ধ বানান?**
ক. আবির্ভাব খ. আবিরভাব গ. আর্ভিভাব ঘ. কোনোটিই নয় উ. ক

৬. **'চতুরঙ্গ' এর সন্ধি বিচ্ছেদ করুন :**
ক. চতু + অঙ্গ খ. চতুঃ + অঙ্গ গ. চতুর + অঙ্গ ঘ. চার + অঙ্গ উ. খ

৭. **'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. চতুর + পদ খ. চতুষ + পদ গ. চতু + পদ ঘ. চতুঃ + পদ উ. ঘ

৮. **'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়?**
ক. ত + অধিক খ. তত ধিক গ. ততো + ধিক ঘ. ততঃ + অধিক উ. ঘ

৯. সন্ধি বিচ্ছেদ করুন : 'তিরস্কার'–
ক. তিরস + কার খ. তির + স্কার গ. তিরঃ + কার ঘ. তিরসঃ + কার উ. গ

১০. 'দুর্নীতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ হবে–
ক. দুর + নীতি খ. দূঃ + নীতি গ. দুঃ + নীতি ঘ. দূর + নীতি উ. গ

১১. কোনটি নির্ভুল?
ক. দুঃ + ঘটনা = দুর্ঘটনা খ. দূর + ঘটনা = দূর্ঘটনা গ. দুঃ + ঘটনা = দূর্ঘটনা ঘ. দুঃ + ঘটনা = দুর্ঘটনা উ. ঘ

১২. 'দুর্বার' শব্দের প্রকৃত সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দূর + বার খ. দুর + বার গ. দুঃ + বার ঘ. দূঃ + বাব উ. গ

১৩. 'দুর্যোগ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দুহঃ + যোগ খ. দূর + যোগ গ. দুঃ+যোগ ঘ. দুহ + যোগ উ. গ

১৪. 'দুর্গতি' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দূর + গতি খ. দুর + গতি গ. দুঃ + গতি ঘ. দূঃ + গতি উ. গ

১৫. 'দুরূহ' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. দুঃ + উহ খ. দুঃ + রূহ গ. দূও + উহ ঘ. দুর + ই উ. ক

১৬. 'দুরবস্থা' শব্দটির সন্ধি বিচ্ছেদ–
ক. দুঃ + অবস্থা খ. দু + অবস্থা গ. দ্ + অবস্থা ঘ. দু + বস্থা উ. ক

১৭. 'দুরপনেয়' এর সন্ধি বিচ্ছেদ হলো–
ক. দুর + পনের খ. দু + অপনেয় গ. দুঃ + অপনেয় ঘ. দুর + অপনেয় উ. গ

১৮. 'দুস্থ' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. দুস + হ খ. দুস্ + থ গ. দুঃ + থ ঘ. দুঃ + স্থ উ. গ

১৯. 'দুশ্চিন্তা = দুঃ + চিন্তা' কোন ধরনের সন্ধি?
ক. বিসর্গসন্ধি খ. খাঁটি বাংলা সন্ধি গ. ব্যঞ্জন সন্ধি ঘ. স্বরসন্ধি উ. ক

২০. 'দুর্লভ' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. দুঃ + লভ খ. দুর + লভ গ. দুর + লোভ ঘ. কোনোটিই নয় উ. ক

২১. 'দুশ্চরিত্র' এর সন্ধি বিচ্ছেদ–
ক. দুশ্চ + চিত্র খ. দুঃ + চরিত্র গ. দু + চরিত্র ঘ. দুঃ + চরিত উ. খ

২২. 'দুশ্ছেদ্য" শব্দটির সন্ধি বিচ্ছেদ–
ক. দুশ + ছেদ্য খ. দুষ + ছেদ্য গ. দুঃ + ছেদ্য ঘ. কোনোটিই নয় উ. গ

২৩. 'ধনুষ্টংকার'-এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ধনুষ + টঙ্কার খ. ধনুঃ + টঙ্কার গ. ধনু + টঙ্কার ঘ. ধনুট + স্কার উ. খ

২৪. কোনটি শুদ্ধ সন্ধি বিচ্ছেদ?
ক. ধনু + বিদ্যা খ. ধনুঃ + বিদ্যা গ. ধনুর + বিদ্যা ঘ. ধনূঃ + বিদ্যা উ. খ

২৫. 'নিষ্কর' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. নিঃ + কর খ. নিষ + কর গ. নিস + কর ঘ. নি + কর উ. ক

২৬. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. নিঃশোষিত খ. নীরস গ. মাধুরিয়া ঘ. অধীনী উ. খ

২৭. 'নিরাকার' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়–
ক. নির + আকার খ. নিরা + আকার গ. নিঃ + কার ঘ. নিঃ + আকার উ. ঘ

২৮. 'নিরন্ন' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. নি + অন্ন খ. নির + অন্ন গ. নিঃ + অন্ন ঘ. নির + ন্ন উ. গ

২৯. 'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. নির্ + অবধি খ. নির + বধি গ. নিঃ + অবধি ঘ. নিঃ + বধি উ. গ

৩০. 'নিষ্ঠা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন :"
ক. নিস্ + ঠা খ. নি + ষ্ঠা গ. নিঃ + ঠা ঘ. কোনোটিই নয় উ. গ

৩১. কোনটি 'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ?
ক. নিঃ + আময় খ. নিঃ + ময় গ. নির + ময় ঘ. নির + আময় উ. ক

৩২. 'নিরাকরণ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. নিঃ + আকরণ খ. নির + আকরণ গ. নিঃ + করণ ঘ. নিরা + করণ উ. ক

৩৩. সন্ধি বিচ্ছেদ করুন : 'পুরস্কার'
ক. পুর + কার খ. পুর + কার গ. পুরঃ + কার ঘ. পুরসঃ + কার উ. গ

৩৪. 'পুনরুক্ত' এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. পুন + রুক্ত খ. পুনঃ + উক্ত গ. পূন + রুক্ত ঘ. পুন + উক্ত উ. খ

৩৫. 'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. প্রাতঃ + আস খ. প্রাতঃ + রাশ গ. প্রাতঃ + আশ ঘ. প্রাত + রাশ উ. গ

৩৬. 'বাচস্পতি'–শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বাচ + পতি খ. বাচঃ + পতি গ. বাচস্ + পতি ঘ. বাচসঃ + পতি উ. খ

৩৭. ‘ভূয়োদর্শী’ এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ভূয় + দর্শী খ. ভূয়ঃ + দর্শী গ. ভূয়ো + দর্শী ঘ. ভূয়োঃ + দর্শী উ. খ

৩৮. ‘ভ্রাতুষ্পুত্র’ সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়–
ক. ভ্রাত + পুত্র খ. ভ্রাতঃ + পুত্ গ. ভ্রাতুঃ + পুত্র ঘ. ভ্রাতু + পুত্র উ. গ

৩৯. ‘মনোনয়ন’ এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মনন + অয়ন খ. মন + নয়ন গ. মনঃ + নয়ন ঘ. মনো + নয়ন উ. গ

৪০. ‘মনোযোগ’ শব্দটি কোন সন্ধিতে গঠিত?
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ উ. গ

৪১. ‘মনোযোগ’ শব্দের সঠিক সন্ধি কোনটি?
ক. মন + যোগ খ. মন + উৎ + যোগ গ. মনঃ + যোগ ঘ. মনো + যোগ উ. গ

৪২. ‘মনোরম’ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মনোঃ + রম খ. মনো + রম গ. মন + রম ঘ. মনঃ + রম উ. ঘ

৪৩. ‘যশোলাভ’ এর সন্ধি বিচ্ছেদ–
ক. যশঃ + লাভ খ. যশ + লাভ গ. যশো + লাভ ঘ. যশ + অ + লাভ উ. ক

## নিপাতনে সিদ্ধ সন্ধি

যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না, তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। অর্থাৎ ব্যাকরণে নিয়ম বহির্ভূত প্রচলিত বিষয় বা দৃষ্টান্তকে নিপাতনে সিদ্ধ বলা হয়। যেমন:

| নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি | |
|---|---|
| অন্যান্য = অন্য + অন্য | মার্তণ্ড = মার্ত + অণ্ড |
| কুলটা = কুল + অটা | শুদ্ধোদন = শুদ্ধ + ওদন |
| গবাক্ষ = গো + অক্ষ | সীমান্ত = সীমন্ + অন্ত |
| প্রৌঢ় = প্র + ঊঢ় | স্বৈর = স্ব + ঈর |
| রক্তোষ্ঠ = রক্ত + ওষ্ঠ | অক্ষৌহিনী = অক্ষ + ঊহিনী |
| **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি** | |
| আশ্চর্য = আ + চর্য | পরস্পর = পর + পর |
| একাদশ = এক্ + দশ | বৃহস্পতি = বৃহৎ + পতি |
| গোস্পদ = গো + পদ | বিশ্বামিত্র = বিশ্ব + মিত্র |
| তস্কর = তৎ + কর | বনস্পতি = বন্ + পতি |
| দ্যুলোক = দিব্ + লোক | মনীষা = মনস্ + ঈষা |
| পতঞ্জলি=পতৎ+অঞ্জলি | ষোড়শ = ষট্ + দশ |

| নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি | |
|---|---|
| অতঃপর = অতঃ + পর | নিঃসন্দেহ = নিঃ + সন্দেহ |
| অধঃপতন = অধঃ + পতন | প্রাতঃকাল = প্রাতঃ + কাল |
| অহরহ = অহঃ + অহ | বয়ঃসন্ধি = বয়ঃ + সন্ধি |
| অহর্নিশ = অহঃ + নিশা | মনঃকষ্ট = মনঃ + কষ্ট |
| অন্তকরণ = অন্তঃ + করণ | মনঃক্ষুণ্ন = মনঃ + ক্ষুণ্ন |
| দুঃশাসন = দুঃ + শাসন | শিরঃপীড়া = শিরঃ + পীড়া |
| দুঃস্বপ্ন = দুঃ + স্বপ্ন | |

## আলোচ্য টপিক থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর

১. যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে বলে–
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. নিপাতনে সিদ্ধ সন্ধি ঘ. বিসর্গ সন্ধি উ. গ

২. ব্যাকরণে নিয়ম বহির্ভূত প্রচলিত বিষয় বা দৃষ্টান্তকে বলা হয়–
ক. ব্যতিক্রম খ. নিপাতন গ. অনিয়ম ঘ. নিপাতনে সিদ্ধ উ. ঘ

৩. ‘অন্যান্য’ শব্দের সন্ধি রূপ কোনটি?
ক. অন্য + আন্য খ. অন + আন্য গ. অন্য + অন্য ঘ. অন্ন + অন্ন উ. গ

৪. ‘আশ্চর্য’ এর সন্ধি বিচ্ছেদ–
ক. অ + আর্চ খ. অতি + চার্য গ. আশ + চর্য ঘ. আ + চর্য উ. ঘ

৫. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ?
ক. আ + চর্য খ. জল + আশয় গ. মত + ঐক্য ঘ. ইতি + আদি উ. ক

৬. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক. একাদশ খ. পুনরায় গ. পরিষ্কার ঘ. মনোহর উ. ক

৭. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
ক. কুলটা খ. সঞ্চজার গ. গবেষণা ঘ. ভাবুক উ. ক

৮. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ হয়েছে?
ক. যদ্যপি খ. লবণ গ. গবাক্ষ ঘ. সংসার উ. গ

৯. গো + অক্ষ = গবাক্ষ। এটি কোন ধরনের সন্ধি বিচ্ছেদ?
ক. স্বরসন্ধি খ. স্বর ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ সন্ধি উ. ঘ

১০. ‘গোস্পদ’ এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. গোঃ + পদ খ. গো + পদ গ. গৌ + পদ ঘ. গৈ + পদ উ. খ

১১. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক. অন্তঃ + ধান = অন্তর্ধান খ. তদ্ + কাল = তৎকাল গ. সম্ + তান = সন্তান ঘ. গো + পদ = গোস্পদ উ. ঘ

১২. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি বিচ্ছেদ?
ক. উৎ + স্থাপন = উত্থপন খ. কৃষ্ + তি = কৃষ্টি গ. তদ্ + কাল = তৎকাল ঘ. তৎ + কর = তস্কর উ. ঘ

১৩. 'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দুঃ + লোক খ. দিব্ + লোক গ. দ্বি + লোক ঘ. দ্বিঃ লোক উ. খ

১৪. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?
ক. পর + পর = পরস্পর খ. ব্যাক্ + দান = বাগদান গ. উৎ + ছেদ = উচ্ছেদ ঘ. সম্ + সার = সংসার উ. ক

১৫. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক. পরিস্কৃত খ. পতঞ্জলি গ. উত্থান ঘ. সংস্কৃত উ. খ

১৬. 'পতঞ্জলি' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. পত + অঞ্জলি খ. পতঃ + অঞ্জলি গ. পত্ + অঞ্জলি ঘ. পতৎ + অঞ্জলি উ. ঘ

১৭. 'বৃহৎ + পতি = বৃহস্পতি'–এটি কোন নিয়মের দৃষ্টান্ত?
ক. বিসর্গ সন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. নিপাতনে সিদ্ধ ঘ. স্বরসন্ধি উ. গ

১৮. 'বৃহস্পতি'-একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়–
ক. বৃহস্ + পতি খ. বৃহৎ + পতি গ. বৃহৎ + পতি ঘ. বৃহস্পত + ই উ. খ

১৯. 'মনীষা'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মন + ইষা খ. মনস্ + ঈষা গ. মন + ঈষা ঘ. মনস + ইষা উ. খ

২০. 'মনঃকষ্ট' এর সন্ধি বিচ্ছেদ–
ক. মনস + কষ্ট খ. মনো + কষ্ট গ. মনোহ + কষ্ট ঘ. মনঃ + কষ্ট উ. ঘ

২১. কোন বানানটি শুদ্ধ?
ক. মনোকষ্ট খ. মনঃকষ্ট গ. মণকষ্ট ঘ. মনকস্ট উ. খ

২২. কোন বানানটি শুদ্ধ?
ক. মনঃক্ষুণ্ণ খ. মনক্ষুণ্ণ গ. মনোক্ষুণ্ণ ঘ. মনোক্ষুন্ন উ. ক

২৩. 'শুদ্ধোদন' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. শুদ্ধ + উদন খ. শুদ্ধ + ঊদন গ. শুদ্ধ + ওদন ঘ. শুদ্ + উদন উ. গ

২৪. কোনটি নিয়মানুসারে সিদ্ধ হয় না?
ক. গায়ক খ. শুদ্ধোদন গ. পশ্চধম ঘ. নত্যম্বু উ. খ

২৫. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক. বাক্ + দান = বাগদান খ. জল + ওকা = জলৌকা গ. নিঃ + রব = নীরব ঘ. ষট্ + দশ = ষোড়শ উ. ঘ

২৬. নিপাতনে সিদ্ধ সন্ধির প্রয়োগ কোনটি?
ক. স্বৈর খ. পশ্বধম গ. হিংস ঘ. ক ও খ উ. ক

২৭. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি নয়?
ক. মস্যাধার খ. অন্যান্য গ. মার্তণ্ড ঘ. কুলটা উ. ক

২৮. কোনটি ঠিক নয়?
ক. চতুর্থ = চতুঃ + থ খ. সতীশ = সতি + ঈশ গ. দুগ্ধ = দুহ্ + ত ঘ. নিষ্কর = নিঃ + কর উ. খ

২৯. নিচের কোন সন্ধি বিচ্ছেদটি সঠিক নয়?
ক. নে + অন = নয়ন খ. রাজ্ + নী = রাজ্ঞী গ. তদ্ + রূপ = তদ্রূপ ঘ. তদ্ + কাল = তৎকাল উ. গ

## আরো কিছু গুরুত্বপূর্ণ স্বরসন্ধি

| | | |
|---|---|---|
| অগ্রাধিকার = অগ্র + অধিকার | অন্যান্য = অন্য + অন্য | উপর্যুক্ত = উপরি + উক্ত |
| অতীন্দ্রিয় = অতি + ইন্দ্রিয় | অপরাপর = অপর + অপর | উচ্চাশা = উচ্চ + আশা |
| অত্যধিক = অতি + অধিক | অপেক্ষা = অপ + ইক্ষা | উত্তমর্ণ = উত্তম + ঋণ |
| অতীত = অতি + ইত | অপরাহ্ন = অপর +অহ্ন | উপর্যুপরি = উপরি + উপরি |
| অত্যুচ্চ = অতি + উচ্চ | অনূদিত = অনু + উদিত | এমনি = এমন + ই |
| অত্যাচার = অতি + আচার | আজ্ঞাধীন = আজ্ঞা + অধীন | একোন = এক + ঊন |
| অত্যন্ত = অতি + অন্ত | আমায় = আমা + এ | অভ্যুদয় = অভি + উদয় |
| অভীপ্সা = অভি + ঈপ্সা | করাঘাত = কর + আঘাত | অত্যাশ্চর্য = অতি + আশ্চর্য |
| আদ্যন্ত = আদি + অন্ত | কথামৃত = কথা + অমৃত | অতীষ্ট = অতি + ইষ্ট |
| আশানন্দ = আশা + আনন্দ | কটূক্তি = কটু + উক্তি | অতীব = অতি + ইব |
| অর্ধেক = অর্ধ + এক | অনেক = অন + এক | অন্বেষণ = অনু + এষণ |
| ইতরেতর = ইতর + ইতর | কুশাসন = কুশ + আসন | কাঁচকলা = কাঁচা + কলা |
| গণেশ = গণ + ঈশ | উত্তমৌষধ = উত্তম + ঔষধ | ঈশ্বরেচ্ছা = ঈশ্বর + ইচ্ছা |
| গজেন্দ্র = গজ + ইন্দ্র | গত্যন্তর = গতি + অন্তর | গায়ক = গৈ + অক |
| গিরীন্দ্র = গিরি + ইন্দ্র | গঙ্গোর্মি = গঙ্গা + ঊর্মি | গবাক্ষ = গো + অক্ষ |
| গিরীশ = গিরি + ঈশ | গ্রামাঞ্চল = গ্রাম + অঞ্চল | গবেষণা = গো + এষণা |
| ঘড়িয়াল = ঘড়ি + ইয়াল | ঘোড়ার = ঘোড়া + এর | চয়ন = চে + অন |
| চাবুক = চৌ + উক | চিত্তৌদার্য = চিত্ত + ঔদার্য | চরাচর = চর + অচর |
| চিরাচরিত = চির + আচরিত | ছাত্রাবাস = ছাত্র + আবাস | জলাশয় = জল + আশয় |
| জলাতংক = জল + আতংক | ঢাকেশ্বরী = ঢাকা + ঈশ্বরী | তৃষ্ণার্ত = তৃষ্ণা + ঋত |
| তথাপি = তথা + অপি | তিলেক = তিল + এক | দশার্ণ = দশ + ঋণ |
| দুর্গোৎসব = দুর্গা + উৎসব | দেবেন্দ্র = দেব + ইন্দ্র | দয়ার্দ্র = দয়া + আর্দ্র |

| | | |
|---|---|---|
| দেবেশ = দেব + ঈশ | ধনৈশ্বর্য = ধন + ঐশ্বর্য | নবান্ন = নব + অন্ন |
| নরেশ = নর + ঈশ | নবোঢ়া = নব + ঊঢ়া | নরেন্দ্র = নর + ইন্দ্র |
| নীলোৎপল = নীল + উৎপল | নায়ক = নৈ + অক | নরোত্তম = নর + উত্তম |
| পরমেশ = পরম + ঈশ | প্রাণান্ত = প্রাণ + অন্ত | পরীক্ষা = পরি + ঈক্ষা |
| পিপাসার্ত = পিপাসা + ঋত | পবন = পো + অন | প্রত্যেক = প্রতি + এক |
| প্রশ্নোত্তর = প্রশ্ন + উত্তর | প্রত্যাশা = প্রতি + আশা | পিত্রালয় = পিতৃ + আলয় |
| প্রতীক্ষা = প্রতি + ঈক্ষা | প্রত্যহ = প্রতি + অহ | পদ্ধতি = পদ্ + হতি |
| প্রত্যুত্তর = প্রতি + উত্তর | পবন = পো + অন | পবিত্র = পো + ইত্র |
| ভিক্ষান্ন = ভিক্ষা + অন্ন | ভবেশ = ভব + ঈশ | ভয়ার্ত = ভয় + ঋত |
| ভয় = ভী + অ | মেঘালয় = মেঘ + আলয় | ভ্রাত্রালয় = ভ্রাতৃ + আলয় |
| মহার্ঘ = মহা + অর্ঘ | মশারি = মশা + আরি | মহোল্লাস = মহা + উল্লাস |
| মাত্রাতিরিক্ত = মাত্রা + অতিরিক্ত | মন্বন্তর = মনু + অন্তর | মাত্রাজ্ঞা = মাতৃ + আজ্ঞা |
| মহাবর্ণ = মহা + অবর্ণ | মতৈক্য = মত + ঐক্য | মহেন্দ্র = মহা + ইন্দ্র |
| মহোপকার = মহা + উপকার | যথার্থ = যথা + অর্থ | যথেষ্ট = যথা + ইষ্ট |
| রাজর্ষি = রাজা +ঋষি | রবীন্দ্র = রবি + ইন্দ্র | রমেশ = রমা + ঈশ |
| রাধেন্দু = রাধা + ইন্দু | লঘূর্মি = লঘু + ঊর্মি | লবণ = লো + অন |
| লক্ষীশ্বর = লক্ষী + ঈশ্বর | শুভেচ্ছা = শুভ + ইচ্ছা | শাবক = শো + অক |
| শীতার্ত = শীত + ঋত | শতাঙ্ক = শত + অঙ্ক | শ্রবণ = শ্রু + অন |
| শোকার্ত = শোক + ঋত | শারদোৎসব = শারদ + উৎসব | ষষ্ঠাংশ = ষষ্ঠ + অংশ |
| স্বাধিকার = স্ব + অধিকার | সন্ধ্যাবধি = সন্ধ্য + অবধি | সাধূক্তি = সাধু + উক্তি |
| সানুনাসিক = স + অনুনাসিক | সূর্যোদয় = সূর্য + উদয় | সুক্ত = সু + উক্ত |
| সিংহাসন = সিংহ + আসন | সুধীন্দ্র = সুধী + ইন্দ্র | স্বচ্ছ = সু + অচ্ছ |
| স্বেচ্ছা = স্ব + ইচ্ছা | সদানন্দ = সদা + আনন্দ | সপ্তর্ষি = সপ্ত + ঋষি |
| স্বাগত = সু + আগত | হিমাঙ্গ = হিম + অঙ্গ | হিমাঙ্ক = হিম + অঙ্ক |
| হিতোপদেশ = হিত + উপদেশ | হিতৈষী = হিত + ঐষী | হত্যাপরাধ = হত্যা + অপরাধ |
| হিতাহিত = হিত + অহিত | হস্তান্তর = হস্ত + অন্তর | ক্ষণেক = ক্ষণ + এক |
| ক্ষুধার্ত = ক্ষুধা + ঋত | পবিত্র = পো + ইত্র | প্রাণান্ত = প্রাণ + অন্ত |

## আরো কিছু গুরুত্বপূর্ণ ব্যঞ্জনসন্ধি

| | | |
|---|---|---|
| অজন্তা = অচ্ + অন্তা | অনুচ্ছেদ = অনু + ছেদ | অহংকার = অহম + কার |
| অবিন্ধন = অপ + ইন্ধন | অবন্তি = অপ্ + অন্তি | অপচ্ছেদ = অপ + ছেদ |
| আচ্ছাদন = আ + ছাদন | অসদুপায় = অসৎ + উপায় | আচ্ছন্ন = আ + ছন্ন |
| আন্না = আর + না | উচ্ছল = উৎ + ছল | উড্ডয়ন = উৎ + ডয়ন |
| উচ্ছ্বাস = উৎ + শ্বাস | উদ্ধার = উৎ + হার | উদ্‌ঘাটন = উৎ + ঘাটন |
| উল্লেখ = উৎ + লেখ | উল্লিখিত = উৎ + লিখিত | উৎসর্গ = উদ্ + সর্গ |
| উচ্চারণ = উৎ + চারণ | উৎকৃষ্ট = উৎ + কৃষ + ত | উচ্ছেদ = উৎ + ছেদ |
| উড্ডীন = উৎ + ডীন | উদ্যোগ = উৎ + যোগ | উন্নয়ন = উৎ + নয়ন |
| উল্লাস = উৎ + লাস | উচ্ছৃঙ্খল = উৎ + শৃঙ্খল | উন্নতি = উদ্ + নতি |
| উজ্জ্বল = উদ্ + জ্বল | উজ্জীবন = উদ্ + জীবন | উদ্ধত = উৎ + হত |
| উদ্ধৃত = উদ্ + ঋত | ঋগবেদ = ঋক্ + বেদ | কাঁচকলা = কাঁচা + কলা |
| কুজ্ঝটিকা = কুৎ +ঝটিকা | কিঞ্চিৎ = কিম্ + চিৎ | কষ্ট = কষ্ + ত |
| কৃষ্টি = কৃষ + তি | কৃদন্ত = কৃৎ + অন্ত | কিংবদন্তি = কিম্ + বদন্তি |
| কথাচ্ছলে = কথা + ছলে | কিংবা = কিম্ + বা | কিন্নর = কিম্ + নর |
| কান্না = কাঁদ + না | কিন্তু = কিম্ + তু | গন্তব্য = গম্ + তব্য |
| চিন্ময় = চিৎ + ময় | চলচ্চিত্র = চলৎ + চিত্র | চলচ্ছক্তি = চলৎ + শক্তি |
| জগন্নাথ = জগৎ + নাথ | জগদিন্দ্র = জগৎ + ইন্দ্র | জিঘাংসা = জিঘান + সা |
| জগদীশ্বর = জগৎ + ঈশ্বর | জগদ্বন্ধু = জগৎ + বন্ধু | তৎকাল = তদ্ + কাল |
| তদ্রুপ = তৎ + রূপ | তন্ময় = তদ্ + ময় | তৎসম = তদ্ + সম |
| তৎফল = তদ্ + ফল | তদ্ভব = তদ্ + ভব | তদন্ত = তৎ + অন্ত |
| তদবধি = তদ্ + অবধি | তচ্ছবি = তদ্ + ছবি | তৎপর = তদ + পর |
| তজ্জন্য = তদ্ + জন্য | দিগন্ত = দিক্ + অন্ত | দিগনির্ণয় = দিক্ + নির্ণয় |
| দৃষ্টি = দৃষ + তি | ণিজন্ত = ণিচ + অন্ত | |
| নিকৃষ্ট = নিকৃষ + ত | পরিচ্ছায়া = পরি + ছায়া | পরিচ্ছেদ = পরি + ছেদ |
| প্রিয়ংবদা = প্রিয়ম্ + বদা | পদ্ধতি = পদ্ + হতি | বিপচ্ছায়া = বিপদ + ছায়া |
| বিচ্ছেদ = বি + ছেদ | বিচ্ছিন্ন = বি + ছিন্ন | বৃষ্টি = বৃষ + তি |

| | | |
|---|---|---|
| বরঞ্চ = বরম + চ | বসুন্ধরা = বসুম + ধরা | বিপজ্জনক = বিপদ + জনক |
| বাগদত্তা = বাক্ + দত্তা | বাঙ্ময় = বাক্ + ময় | বাগলোপ = বাক্ + লোপ |
| বুদ্ধ = বুধ + ত | বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর | বিদ্যুল্লতা = বিদ্যুৎ + লতা |
| বৃক্ষচ্ছায়া = বৃক্ষ + ছায়া | বাগীশ = বাক্ + ঈশ | মুখচ্ছবি = মুখ + ছবি |
| মীমাংসা = মিমান্ + সা | যজ্ঞ = যজ + ন | যাবজ্জীবন = যাবৎ + জীবন |
| রাজ্ঞী = রাজ্ + নী | শান্ত = শাম্ + ত | শরৎকাল = শরদ + কাল |
| শরচ্চন্দ্র = শরৎ + চন্দ্র | ষড়ঋতু = ষট্ + ঋতু | ষষ্ঠ = ষষ্ + থ |
| ষড়ানন = ষট্ + আনন | ষোড়শ = ষট্ + দশ | ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র |
| সুবন্ত = সুপ + অন্ত | সজ্জন = সৎ + জন | সংবাদ = সম্ + বাদ |
| সন্ন্যাসী = সম্ + ন্যাসী | সম্মান = সম্ + মান | সিংহ = সিন্ + হ |
| সঙ্গীত = সম্ + গীত | সন্ধান = সম্ + ধান | সৃষ্টি = সৃষ + তি |
| সংবিধান = সম্ + বিধান | সদুপদেশ = সৎ + উপদেশ | সংখ্যা = সম্ + খ্যা |
| সংসার = সম্ + সার | সম্পূর্ণ = সম্ + পূর্ণ | সংঘাত = সম্ + ঘাত |
| সংবরণ = সম্ + বরণ | সংস্কার = সম্ + কার | সম্রাট = সম্ + রাট |
| সংস্কৃত = সম্ + কৃত | সচ্চিন্তা = সৎ + চিন্তা | সন্ধান = সম্ + ধান |
| সংবর্ধনা = সম্ + বর্ধনা | স্বয়ংবরা = স্বয়ম্ + বরা | সংযোগ = সম্ + যোগ |
| সংসদ = সম্ + সদ | হিংসা = হিন্ + সা | হৃৎপিন্ড = হৃদ + পিন্ড |
| হৎকল্প = হৃদ + কল্প | ক্ষুৎপিপাসা = ক্ষুধ + পিপাসা | |

## বিসর্গ সন্ধি

| | | |
|---|---|---|
| অন্তর্ধান = অন্তঃ + ধান | অতএব = অতঃ + এব | অন্তস্থ = অন্তঃ + স্থ |
| অধস্তন = অধঃ + স্তন | অধোমুখ = অধঃ + মুখ | অহরহ = অহঃ + অহ |
| অন্তর্লীন = অন্তঃ + লীন | আবিষ্কার = আবিঃ + কার | আশীর্বাদ = আশীঃ + বাদ |
| আশীর্বচন = আশীঃ + বচন | ইতস্তত = ইতঃ + তত | চতুর্ভুজ = চতুঃ + ভুজ |
| চতুষ্পদ = চতুঃ + পদ | চতুষ্কোণ = চতুঃ + কোণ | চক্ষুরোগ = চক্ষুঃ + রোগ |
| জ্যোতির্ময় = জ্যোতিঃ + ময় | জ্যোতির্পুঞ্জ = জ্যোতিঃ + পুঞ্জ | তেজস্কর = তেজঃ + কর |
| ততোধিক = ততঃ + অধিক | তপোবন = তপঃ + বন | দ্বিরাগমন = দ্বিঃ + আগমন |
| দুরূহ = দুঃ + উহ | দুশ্চিন্তা = দুঃ + চিন্তা | দুষ্প্রাপ্য = দুঃ + প্রাপ্য |
| দুর্লোভ = দু ঃ + লোভ | দুরাত্মা = দুঃ + আত্মা | দুর্যোগ = দুঃ + যোগ |
| দুস্থ = দুঃ + থ | দুর্নীতি = দুঃ + নীতি | ধনুষ্টঙ্কার = ধনুঃ + টঙ্কার |
| নিরাকার = নিঃ + আকার | নিশ্চয় = নিঃ + চয় | নিস্তেজ = নিঃ + তেজ |
| নির্ঝর = নিঃ + ঝর | নিষ্ঠুর = নিঃ + ঠুর | নীরস = নিঃ + রস |
| পুনরাগত = পুনঃ + আগত | পুনরায় = পুনঃ + আয় | পুনশ্চ = পুনঃ + চ |
| পুরোহিত = পুরঃ + হিত | প্রাতরাশ = প্রাতঃ + আশ | প্রাদুর্ভাব = প্রাদুঃ + ভাব |
| পুরস্কার = পুরঃ + কার | পরিষ্কার = পরিঃ + কার | বহিষ্কার = বহিঃ + কার |
| বহিষ্কৃত = বহিঃ + কৃত | বহির্গমন = বহিঃ + গমন | বহির্গত = বহিঃ + গত |
| ভ্রাতুষ্পুত্র = ভ্রাতুঃ + পুত্র | মনোরম = মনঃ + রম | মনোযোগ = মনঃ + যোগ |
| যশেচ্ছা = যশঃ + ইচ্ছা | যশোভিলাষ = যশ ঃ + অভিলাষ | যশোলাভ = যশঃ + লাভ |
| সরোবর = সরঃ + বর | সরোজ = সরঃ + জ | |

## বিগত বিসিএস পরীক্ষায় আসা প্রশ্নসমূহ

১. **'শিরচ্ছেদ' শব্দের সন্ধিবিচ্ছেদ–** **[৪৬তম বিসিএস]**
ক. শির+ছেদ খ. শিরঃ+ছেদ গ. শিরশ্+ছেদ ঘ. শির+উচ্ছেদ উত্তর: খ

২. **নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?** **[৪৪তম বিসিএস]**
ক. গো+অক্ষ = গবাক্ষ খ. পৌ+অক = পাবক গ. বি+অঙ্গ = বঙ্গ ঘ. যতি+ইন্দ্র = যতীন্দ্র উত্তর: ক

৩. **কোন বানানটি শুদ্ধ?** **[৪১তম বিসিএস]**
ক. মনোকষ্ট খ. মন:কষ্ট গ. মনকষ্ট ঘ. মনকস্ট উত্তর: খ

৪. **'সদ্যোজাত' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি?** **[৩৮তম বিসিএস]**
ক. সৎ+জাত খ. সদ্যো + জাত গ. সদ্যঃ + জাত ঘ. সদ্য + জাত উত্তর: গ

৫. **'রবীন্দ্র'- এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** **[৩৬তম বিসিএস]**
ক. রবী + ইন্দ্র খ. রবী + ঈন্দ্র গ. রবি + ইন্দ্র ঘ. রবি + ঈন্দ্র উত্তর: গ

৬. **'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি?** **[৩৫তম বিসিএস]**
ক. দ্বীপ + আয়ন খ. দ্বীপ + অয়ন গ. দ্বিপ + অনট ঘ. দ্বীপ + অনট উত্তর: খ

৭. **সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?** **[৩৫তম বিসিএস]**
ক. ব্যঞ্জন ধ্বনি খ. স্বরধ্বনি গ. নিপাতনে সিদ্ধ ঘ. বিসর্গ সন্ধি উত্তর: গ

৮. **বাগাড়ম্বর শব্দের সন্ধি-বিচ্ছেদ-** **[৩০তম বিসিএস]**
ক. বাগ+অম্বর খ. বাগ + আড়ম্বর গ. বাক্ + অম্বর ঘ. বাক্ + আড়ম্বর উত্তর: ঘ

৯. ‘জনৈক’ শব্দটির সন্ধি বিচ্ছেদ- [২৯তম বিসিএস]
ক. জন + ইক | খ. জন + এক | গ. জনৈ + এক | ঘ. জন + ঈক | উত্তর: খ

১০. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ? [২৭তম বিসিএস]
ক. বাক্ + দান = বাগদান | খ. উৎ + ছেদ = উচ্ছেদ | গ. পর + পর = পরস্পর | ঘ. সম + সার = সংসার | উত্তর: গ

১১. ‘প্রাতরাশ’- এর সন্ধি- [২৩তম বিসিএস]
ক. প্রাত + রাশ | খ. প্রাতঃ + রাশ | গ. প্রাতঃ + আশ | ঘ. প্রাত+ আশ | উত্তর: গ

১২. ‘সন্ধি’ ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [১৮তম বিসিএস]
ক. রূপতত্ত্ব | খ. ধ্বনিতত্ত্ব | গ. পদক্রম | ঘ. বাক্য প্রকরণ | উত্তর: খ

১৩. সন্ধির প্রধান সুবিধা কি? [১৮তম বিসিএস]
ক. পড়ার সুবিধা | খ. লেখার সুবিধা | গ. উচ্চারণের সুবিধা | ঘ. শোনার সুবিধা | উত্তর: গ

১৪. ষড়ঋতু শব্দের সন্ধি বিচ্ছেদ- [১৭তম বিসিএস]
ক. ষড় + ঋতু | খ. ষড়ু + ঋতু | গ. ষট + ঋতু | ঘ. ষট্ + ঋতু | উত্তর: ঘ

১৫. দ্যুলোকে শব্দের যথার্থ সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১৫তম বিসিএস]
ক. দুঃ + লোক | খ. দিব্ + লোক | গ. দ্বি + লোক | ঘ. দ্বিঃ + লোক | উত্তর: খ

১৬. ‘রত্নাকার’ শব্দটির সন্ধি বিচ্ছেদ- [১০তম বিসিএস]
ক. রত্না + কর | খ. রত্ন + কর | গ. রত্ন + আকার | ঘ.রত্ন + আকর | উত্তর: ঘ

## গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ

০১. ‘রত্নাকর’ শব্দটির সন্ধি-বিচ্ছেদ-
ক. রত্ন + কর | খ. রত্ন + কর | গ. রত্না + আকর | ঘ. রত্ন + আকর | উত্তর: ঘ

০২. ‘গতানুগতিক’ এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. গত + আনুগতিক | খ. গতা + অনুগতিক | গ. গত + অনুগতিক | ঘ. গতানু + গতিক | উত্তর: গ

০৩. কোনটি স্বরসন্ধির উদাহরণ?
ক. হিমালয় | খ. অহরহ | গ. সংসার | ঘ. বনস্পতি | উত্তর: ক

০৪. ‘মাত্রাধিক্য’ শব্দটির সন্ধি-বিচ্ছেদ কী রকম?
ক. মাতৃ + আধিক্য | খ. মাত্র + অধিক্য | গ. মাত্র + আধিক্য | ঘ. মাত্রা + আধিক্য | উত্তর: ঘ

০৫. ‘শশাঙ্ক’ শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. শশ + অঙ্ক | খ. শস + অঙ্ক | গ. শশা + অঙ্ক | ঘ. শম + অঙ্ক | উত্তর: ক

০৬. ‘দ্বৈপায়ন’ শব্দের শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. দ্বীপ + আয়ন | খ. দ্বীপ + অয়ন | গ. দ্বিপ + অনট | ঘ. দ্বীপ + অনট | উত্তর: খ

০৭. ‘পরীক্ষা’ সন্ধি-বিচ্ছেদ কি হবে?
ক. পরী + ঈক্ষা | খ. পরি + ইক্ষা | গ. পরী + ইক্ষা | ঘ. পরি + ঈক্ষা | উত্তর: ঘ

০৮. সন্ধি-বিচ্ছেদ কর: উপর্যুপরি
ক. উপরি + উপরি | খ. উপর্য + পরি | গ. উপ + র্যুপরি | ঘ. উপ + উপরি | উত্তর: ক

০৯. ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী- কোন নিয়মে এ সন্ধি হয়েছে?
ক. আ + ঈ = এ | খ. অ + ঈ = এ | গ. আই + ই = এ | ঘ. অ + ই = এ | উত্তর: ক

১০. ‘নবোঢ়া’ শব্দের সন্ধি-বিচ্ছেদ-
ক. নব + উঢ়া | খ. নব + ঊঢ়া | গ. নবো + উঢ়া | ঘ. নবো + ঊঢ়া | উত্তর: খ

১১. ‘বাগাড়ম্বর’ শব্দের সন্ধি-বিচ্ছেদ-
ক. বাগ্ আম্বর | খ. বাগ + আড়ম্বর | গ. বাক + অম্বর | ঘ. বাক্ + আড়ম্বর | উত্তর: ঘ

১২. ‘দিগন্ত’-এর সন্ধি বিশ্লেষণ-?
ক. দিক্ + অন্ত | খ. দিগ্ + অন্ত | গ. দি + অন্ত | ঘ. দিখ্ + অন্ত | উত্তর: ক

১৩. ‘ষড়ানন’ এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. ষড়া + আনন | খ. ষড় + আনন | গ. ষট্ + আনন | ঘ. ষঢ়া + নন | উত্তর: গ

১৪. ‘দুচ্চার’ শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. দুচ + ছার | খ. দুৎ + চার | গ. দুই + চার | ঘ. দুঃ + চার | উত্তর: খ

১৫. কুজঝটিকা-এর সন্ধি-বিচ্ছেদ-
ক. কুত + ঝটিকা | খ. কুদ + ঝটিক | গ. কুৎ + ঝটিকা | ঘ. কুজ + ঝটিকা | উত্তর: গ

১৬. ‘উচ্ছৃঙ্খল’ শব্দটির সন্ধি-বিচ্ছেদ-
ক. উৎ + শৃঙ্খল | খ. উচ + শৃঙ্খল | গ. উচ্চ + খল | ঘ. উৎ + সৃঙ্খল | উত্তর: ক

১৭. ‘উদ্ধৃত’ এর সন্ধি-বিচ্ছেদ-
ক. উদ্ + ঋত | খ. উৎ + হত | গ. উদ + হৃত | ঘ. উৎ + ঋত | উত্তর: ক

১৮. ‘উল্লাস’ এর সন্ধি-বিচ্ছেদ-
ক. উৎ + লাস | খ. উদ + লাস | গ. উল + লাস | ঘ. উঃ + লাস | উত্তর: ক

১৯. ‘ষড়ঋতু’ শব্দের সন্ধি-বিচ্ছেদ-
ক. ষড় + ঋতু | খ. ষড়ু + ঋতু | গ. ষট + ঋত | ঘ. ষট্ + ঋতু | উত্তর: ঘ

২০. ‘সংগীত’ এর শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. সং + গীত | খ. সং + গিত | গ. সম্ + গিত | ঘ. সম্ + গীত | উত্তর: ঘ

## বাড়ির কাজ

১. কোনটি ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনির সন্ধি?
ক) একচ্ছত্র খ) পবিত্র গ) দিগন্ত ঘ) সজ্জন উত্তর: গ

২. 'অত্যন্ত' এর ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) অত্য + অন্ত খ) অতি + অন্ত্য গ) অতি + ন্ত ঘ) অতি + অন্ত উত্তর: ঘ

৩. 'তন্বী' শব্দের ঠিক সন্ধিবিচ্ছেদ কী?
ক) তনু + ঈ খ) তনু + ই গ) তন্বী + ঈ ঘ) তনী + ব উত্তর: ক

৪. 'সদা + এব' এর ঠিক সন্ধি হলো -
ক) সর্বদা খ) সর্বত্র গ) সদৈব ঘ) সর্বৈব উত্তর: গ

৫. 'গায়ক' - এর সন্ধি কোনটি?
ক) গা + ওক খ) গা + অক গ) গা + য়ক ঘ) গৈ + অক উত্তর: ঘ

৬. 'নাত + জামাই' - এর ঠিক সন্ধিরূপ কোনটি?
ক) নাতিজামাই খ) নাতজামাই গ) নাজ্জামাই ঘ) নাতনিজামাই উত্তর: গ

৭. 'বনস্পতি' - এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) বনস্ + পতি খ) বনঃ + পতি গ) বন + পতি ঘ) বনো + পতি উত্তর: ঘ

৮. 'ষষ্ঠ' - এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) ষট্ + থ খ) ষষ্ + থ গ) ষষ্ + ট ঘ) ষষ্ + ঠ উত্তর: ক

৯. "অন্বেষণ' শব্দটি কোন সন্ধি?
ক) স্বরসন্ধি খ) ব্যঞ্জনসন্ধি গ) বিসর্গ সন্ধি ঘ) নিপাতনে সিদ্ধ সন্ধি উত্তর: গ

১০. উপরি + উক্ত সন্ধিবদ্ধ শব্দ কোনটি?
ক) উপরিউক্ত খ) উপর্যপরি গ) উপর্যুক্ত ঘ) পুনরপি উত্তর: ক

১১. 'পরীক্ষা' - এর সন্ধি বিচ্ছেধ কোনটি?
ক) পরি + ঈক্ষা খ) পরী + ঈক্ষা গ) পরী + ইক্ষা ঘ) পরি + ইক্ষা উত্তর: গ

১২. 'যা + ইচ্ছা + তাই = যাচ্ছেতাই' এখানে কোন ধ্বনি লোপ পেয়েছে?
ক) আ খ) অ গ) ই ঘ) এ উত্তর: গ

১৩. সন্ধির বিসর্গ লোপ হয় কোন সন্ধিটিতে?
ক) প্রাতঃ + কাল খ) শিরঃ + ছেদ গ) শিরঃ + পীড়া ঘ) মনঃ + কষ্ট উত্তর: ক

১৪. 'পূর্ণেন্দু' কোন সন্ধি?
ক) স্বরসন্ধি খ) ব্যঞ্জনসন্ধি গ) বিসর্গ সন্ধি ঘ) নিপাতনে সিদ্ধ সন্ধি উত্তর: খ

১৫. 'কৃষ্টি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ -
ক) কৃ + ক্তি খ) কৃষ্ + তি গ) কৃঃ + তি ঘ) কৃষ + টি উত্তর: ক

১৬. 'নিষ্কর' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) নিঃ + কর খ) নীঃ + কর গ) নিষ + কর ঘ) নিস্ + কর উত্তর: খ

১৭. 'সন্ধি' - এর সন্ধি বিচ্ছেদ কী?
ক) সম + ধি খ) সম্ + ধি গ) সম্ + ন্ধি ঘ) সণ্ + ধি উত্তর: ঘ

১৮. 'মস্যাধার' শব্দটির ঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) মসি + আধার খ) মস্যা + আধার গ) মসিহ + আধার ঘ) মসী + আধার উত্তর: ক

১৯. বিসর্গ সন্ধি বস্তুত কোন সন্ধির অন্তর্গত?
ক) ব্যঞ্জনসন্ধির খ) স্বরসন্ধির গ) নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধির ঘ) নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উত্তর: খ

২০. 'সঞ্চয়' শব্দের ঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) সন্ + চয় খ) সম্ + চয় গ) সঙ্ + চয় ঘ) সং + চয় উত্তর: খ

২১. 'অহরহ' - এর সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) অহঃ + রহ খ) অহঃ + অহ গ) অহঃ + অহঃ ঘ) অহ + রহ উত্তর: খ

২২. 'শীতার্ত' শব্দটির ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) শীত + ঋত খ) শীত + আর্ত গ) শিত + ঋত ঘ) শিত + অর্ত উত্তর: গ

২৩. যে ক্ষেত্রে উচ্চারণে আয়াসের লাঘব হয় অথচ ধ্বনিমাধুর্য রক্ষিত হয় না, সেক্ষেত্রে কিসের বিধান নেই?
ক) সমাসের খ) প্রত্যয়ের গ) সন্ধির ঘ) বচনের উত্তর: গ

২৪. কোনটি বিশেষ নিয়মে সাধিত সন্ধির উদাহরণ?
ক) সংস্কার/পরিষ্কার খ) অতএব গ) সংশয় ঘ) মনোহর উত্তর: ক

২৫. কোন প্রকারের সন্ধি মূলত বর্ণ সংযোগের নিয়ম?
ক) তৎসম সন্ধি খ) বাংলা সন্ধি গ) স্বরসন্ধি ঘ) ব্যঞ্জন সন্ধি উত্তর: গ

২৬. যে সন্ধি কোনো নিয়ম মানে না, তাকে বলে -
ক) ব্যঞ্জনসন্ধি খ) স্বরসন্ধি গ) নিপাতনে সিদ্ধ সন্ধি ঘ) বিসর্গ সন্ধি উত্তর: ক

২৭. 'রাজ্ঞী' - এর সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি?
ক) রাজ্ + নী খ) রাগ + গী গ) রাজন + গী ঘ) রাজ্ঞা + গি উত্তর: ঘ

২৮. 'দ্যুলোক' শব্দের ঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) দু + লোক খ) দ্বি + লোক গ) দুই + লোক ঘ) দিব্ + লোক উত্তর: ঘ

২৯. 'নাবিক' - এর সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) না + ইক খ) নো + ইক গ) নৌ + ইক ঘ) না + বিক উত্তর: গ